আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

তাছাড়া তোমাদেরকে একথা বলাও সম্ভব নয় যে, তোমরা ফেরেশতা ও নবীগনকে নিজেদের পালনকর্তা সাব্যস্ত করে নাও। তোমাদের মুসলমান হবার পর তারা কি তোমাদেরকে কুফরী শেখাবে?

সূরা আল ইমরান ৮০

দৈনিক

কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ মঙ্গলবার ॥ ০৬ অক্টোবর ২০২৬ ॥ ২৪ রবিঃ সানিঃ ১৪৪৮ ॥ ২১ আশ্বিন ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ১২২ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

নতুন আঙ্গীকে, অত্যাধুনিক প্রযুক্তিতে

বিশ্বমানের সিমেন্ট

অ্যাংকর সিমেন্ট

স্থায়ীত্বের মজবুত গাঁথুনি

সেবা : ০১৯১০০৬৬৬৫৫, ০১৭১১৩২৭৭০৫

শিক্ষকরা আমৃত্যু রাষ্ট্রের কাছে সম্মানীয়ঃ প্রধানমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

প্রধানমন্ত্রীর ও বিএনপি চেয়ারম্যান তারেক রহমান বলেছেন, একজন শিক্ষক তিনি কর্মরত কিংবা অবসর জীবনে ২ এর পাতায় দেখুন

সরকার গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিতে বদ্ধপরিকরঃ তথ্যমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করতে সরকার বদ্ধপরিকর বলে জানিয়েছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী আন্দালিভ রহমান। ২ এর পাতায় দেখুন

কর্তৃত্ববাদী শাসনব্যবস্থা কায়েমে সংবিধান সংশোধনে ব্যস্ত সরকারঃ গোলাম পরওয়ার

কীর্তনখোলা ডেস্ক

সরকার নিজের ক্ষমতা পাকাপোক্ত করে কর্তৃত্ববাদী শাসন ব্যবস্থা কায়েমের জন্য সংবিধান সংশোধনে ব্যস্ত বলে মন্তব্য করেছেন ২ এর পাতায় দেখুন

ভয়ভীতি দেখিয়ে কণ্ঠ স্তব্ধ করা যাবে নাঃ নাহিদ

কীর্তনখোলা ডেস্ক

কুষ্টিয়ায় নাসীরুদ্দীন পাটওয়ারীসহ জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) নেতা-কর্মীদের ওপর হামলার পর এ ঘটনাকে ২ এর পাতায় দেখুন

বরিশালে ফিলিং স্টেশনগুলোতে এলপিজির তীব্র সংকট

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল নগরীতে এলপি গ্যাসের সংকট দেখা দিয়েছে। বিশেষ করে সিএনজি স্টেশনগুলোতে সংকট ক্রমশ তীব্র হচ্ছে। চাহিদা অনুযায়ী গ্যাস না পাওয়ায় থেমে যাচ্ছে সিএনজি চালিত অনেক থ্রি-হুইলারের চাকা। আবার সংকটের অজুহাতে বাসাবাড়িতেও বাড়তে দামে এলপিজি সিলিন্ডার কিনতে হচ্ছে বলে অভিযোগ ভোক্তাদের। সরকার নির্ধারিত মূল্যের তোয়াক্কা না করে প্রতি ১২ কেজির সিলিন্ডার ১৮৫০ থেকে ২ হাজার টাকায় বিক্রির অভিযোগ তাদের। বরিশাল নগরীর নথুল্লাবাদ, রূপাতলী, সিএন্ডবি রোডের সিএনজি স্টেশন মালিকরা জানিয়েছেন, নগরীর বেশিরভাগ সিএনজি স্টেশনে গ্যাস নেই। দুই একটিতে পাওয়া গেলেও তা চাহিদার তুলনায় অর্ধেকেরও কম। যে কারণে চাহিদা অনুযায়ী সিএনজি গুলোতে গ্যাস দেওয়া যাচ্ছে না। যা আছে তা দিয়ে সর্বোচ্চ ২০ থেকে ৩০টি সিএনজিতে গ্যাস দেওয়া সম্ভব হচ্ছে। তবে কাউকেই ৩০০ টাকার বেশি গ্যাস দেওয়া হচ্ছে না। বিআরটিএ এবং স্থানীয় সিএনজি মালিক সমিতির নেতারা জানিয়েছেন, বরিশাল মেট্রোপলিটন এলাকায় প্রায় ১৩ হাজার গ্যাসচালিত যানবাহন রয়েছে। এর মধ্যে ৩ হাজারের বেশি সিএনজি ও অটোরিকশা। নিয়মিত গ্যাস না পাওয়ায় এসব যানবাহনে শ্রমিকদের দৈনন্দিন আয় বন্ধ হয়ে যাচ্ছে। অন্যদিকে গ্যাস সংকটে রোগীদের জরুরি প্রয়োজনে অ্যাম্বুলেন্স সেবা পেতেও বেগ পেতে হচ্ছে। এই সংকট দ্রুত নিরসন করা ২ এর পাতায় দেখুন

কাউখালীর জেসমিন ধর্ষণ ও হত্যার মূল আসামী তাঁতীদল নেতা গ্রেফতার

কাউখালী প্রতিনিধি

পিরোজপুরের কাউখালীর শিয়ালকাঠীতে নিজ ঘরে মধ্যবয়সী এক নারীকে ধর্ষণ ও হত্যার ঘটনায় ২৪ঘন্টার মধ্যে নিহত জেসমিনের কথিত দ্বিতীয় স্বামী মূল আসামি পিরোজপুর জেলা তাঁতী দলের সাধারণ সম্পাদক মানিক হাওলাদারকে মাদারীপুর থেকে তথ্যপ্রযুক্তির সহায়তায় গ্রেফতার করেছে পুলিশ এ এসআরবি-৮। পুলিশ ও পারিবারিক সূত্রে জানা গেছে, রোববার (৪ অক্টোবর) সকালে উপজেলার শিয়ালকাঠি গ্রামের নিজ বাড়ি থেকে জেসমিন বেগমের (৫০) মরদেহ উদ্ধার করা হয়। তিনি একই গ্রামের মৃত আফজাল খানের বড় মেয়ে এবং অবসরপ্রাপ্ত পুলিশ সদস্য মরহুম কেরামত আলীর স্ত্রী। কয়েক বছর আগে স্বামীর মৃত্যুর পর থেকে তিনি ছোট মেয়েকে নিয়ে ওই বাড়িতে বসবাস করছিলেন। ঘটনার রাতে জেসমিন বেগম বাড়িতে একাই ছিলেন। সকালে স্বজনেরা বাড়ির পেছনের দরজা খোলা দেখতে পান। পরে ঘরে ২ এর পাতায় দেখুন

ভিডিওকলে প্রবাসীর স্ত্রীর বিষপান, হাসপাতালে মৃত্যু

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে প্রবাসী স্বামীকে ভিডিওকলে রেখে ঝুমুর খানম সেতু (২৭) নামের এক নারী বিষপানে আত্মহত্যা করেছেন বলে দাবি করা হয়েছে। সোমবার (৫ অক্টোবর) বিকেল ৫টার দিকে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। এর আগে রোববার (৪ অক্টোবর) দিনগত রাত ১১টার দিকে ওই গৃহবধূ বিষপান করেন। মুমূর্ষু অবস্থায় তাকে প্রথমে আগৈলঝাড়া উপজেলা হাসপাতালে ও পরে রাতেই বরিশাল শের-ই বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। অবস্থার অবনতি হলে ঢামেক হাসপাতালে পাঠানো হয়। ঝুমুর খানম বরিশালের গৌরনদী পৌর এলাকার চরগাধাতলী এলাকার মৃত হারুন কাজীর ছেলে কুয়েত প্রবাসী শাহারিয়া কাজী ওরফে শাহাবুদ্দিনের স্ত্রী। প্রায় পাঁচ বছর আগে তাদের বিয়ে হয়। তাদের দাম্পত্য জীবনে চার বছরের একটি কন্যাসন্তান রয়েছে। ঝুমুরের বাবা করিম ২ এর পাতায় দেখুন

আরাফাত রহমান কোকো স্মৃতি আন্তঃ ইউনিয়ন ফুটবল টুর্নামেন্টের ফাইনাল ম্যাচ শেষে পুরস্কার বিতরণ করেন বরিশাল সদর আসনের সংসদ সদস্য অ্যাড. মজিবর রহমান সরোয়ার -কীর্তনখোলা

বরিশালে ফেন্সিডিলসহ গ্রেফতারের একযুগ পর দুইজনের যাবজ্জীবন

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল নগরে ফেন্সিডিলসহ গ্রেপ্তারের ১২ বছর পর দুইজনকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছে আদালত। সোমবার বরিশালের অতিরিক্ত মহানগর দায়রা জজ মো. মিল্টন হোসেন আসামিদের অনুপস্থিতিতে এ রায় ঘোষণা করেন বলে বলে রাষ্ট্রপক্ষের অতিরিক্ত কৌসুলি (এপিপি) তারেক আল ইমরান জানিয়েছেন। দণ্ড পাওয়ারা হলেন- পটুয়াখালীর গলাচিপা উপজেলার চরশিবা পণ্ডিতবাড়ির বাসিন্দা আজাহার আলী পণ্ডিতের ছেলে মো. শাহাদাৎ হোসেন পণ্ডিত (৪৭) এবং একই উপজেলার চরকপালবেড়া এলাকার আব্দুল বারেক হাওলাদারের ছেলে জলিল হাওলাদার (৪৬)। আদালতের বেঞ্চ সহকারী মো. রিয়াজ বলেন, ২০১৪ সালের ২০ সেপ্টেম্বর তৎকালীন র‍্যাব-৮ এর একটি দল নগরের নতুনবাজার এলাকায় তল্লাশি চৌকি স্থাপন করে। ২ এর পাতায় দেখুন

বরিশাল মেডিকেলে ডেঙ্গুতে দুই নারীর মৃত্যু

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ (শেবাচিম) হাসপাতালে ডেঙ্গুজ্বরে একদিনে দুই নারীর মৃত্যু হয়েছে। রোববার (৪ অক্টোবর) চিকিৎসাধীন অবস্থায় তারা মৃত্যুবরণ করেন। নিহতরা হলেন, ঝালকাঠির নলছিটি উপজেলা সদরের বাসিন্দা সাহেরা বেগম (৫৫) এবং সাহিদা বেগম (৩২) পিরোজপুরের নেছারাবাদ উপজেলা সদরের বাসিন্দা। তাদের মধ্যে সাহেরা বেগমকে গত ২৮ সেপ্টেম্বর এবং সাহিদা বেগমকে ৩ অক্টোবর বরিশাল শের-ই-বাংলা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। এ নিয়ে ২ এর পাতায় দেখুন

সম্পাদক থেকে পাঠক, সকলের মুক্ত মত......

হ্যালো ৯৯৯

তিন পা-ওয়ালা কুকুরের এক পায়ের সমান পণ্ডিত

একাধিকবার উপজেলার শ্রেষ্ঠ শিক্ষক হয়ে পুরস্কার নিতে গিয়েছি উপজেলা পরিষদের হল রুমে। একবার আমার শিক্ষক মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান ও আমি দুজন দু ক্যাটাগরিতে শ্রেষ্ঠত্বের স্বীকৃতি আনার জন্য উপজেলায় গেলাম। সেখানে অন্যান্য ক্যাটাগরিতে উপজেলার শ্রেষ্ঠ শিক্ষক, প্রধান শিক্ষক, অধ্যক্ষগণও ছিলেন। তাদের ডেকে আনা হয়েছে পুরস্কার ও সনদ গ্রহণের জন্য।

উপজেলা প্রশাসনের কর্তাব্যক্তিগণ তাদের হাতে স্বীকৃতি তুলে দিবেন। তারা শিক্ষকদের স্যার (বস), এমনকি উপজেলা মাধ্যমিক অফিসের ৯ম গ্রেড প্রাপ্ত কর্মকর্তা, উপজেলা শিক্ষা অফিসের সহকারী শিক্ষা অফিসার ও অন্যান্য কর্মকর্তা স্টেইজে বড়ো চেয়ার গাদিয়ে বসে রইলেন, আর আমন্ত্রিত শিক্ষকরা বসলেন তাদের সামনের দিকে নিচে, তাও দ্বিতীয় সারিতে। প্রথম সারি ফাঁকা রাখা হলো উপজেলার অন্যান্য গণমান্য ব্যক্তিবর্গ, কোনো কার্যালয়ের কর্মকর্তা কিংবা রাজনৈতিক কোনো ব্যক্তি এসে পড়লে তিনি বসবেন সামনের সারিতে সোফায়, আর ২ এর পাতায় দেখুন

আসন্ন শারদিয় দুর্গাপূজা উপলক্ষ্যে প্রস্তুতিমূলক সভা শেষে অনুদান প্রদান করেন সিটি কর্পোরেশনের প্রশাসক অ্যাড. বিলকিস আক্তার জাহান শিরীন -কীর্তনখোলা

থমকে আছে প্রাথমিক বিদ্যালয়ের ভবন সংস্কার

৪৫ শতাংশ বিদ্যালয়ের নিজস্ব জমি নেই

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল বিভাগের ৪৫ শতাংশ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নিজস্ব জমি না থাকায় জরাজীর্ণ অনেক ভবনের সংস্কার থমকে আছে। পাঁচ শতাধিক স্কুলের জমির রেকর্ড ও কাগজপত্রের সঠিক তথ্য নেই। ঝুঁকি নিয়ে এসব স্কুলে ক্লাস করছে শিক্ষার্থীরা। তবে দ্রুত জটিলতা নিরসনের আশ্বাস শিক্ষা বিভাগের কর্মকর্তাদের। নিয়ম অনুযায়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জন্য শহরে ১০ শতাংশ এবং গ্রামাঞ্চলের জন্য ৩৩ শতাংশ জমি থাকা বাধ্যতামূলক। আর এই জমির মালিকানা সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের সচিব, জেলা প্রশাসকের নামে থাকলে সহজ হয় সরকারি বরাদ্দ পাওয়া। কিন্তু বরিশালের অনেক স্কুলেরই রেকর্ড থেকে শুরু করে কোনো কাগজপত্রের হদিস নেই। এ কারণে জরাজীর্ণ অনেক ভবন মেরামতও করা যাচ্ছে না। কারণ মালিকানা সংক্রান্ত কারণে মিলছে না বরাদ্দ। ২ এর পাতায় দেখুন

শত শত শিক্ষকের শিক্ষক, দক্ষিণ বাংলার প্রখ্যাত বাংলা ভাষাপণ্ডিত ও ব্যাকরণবিদ বরিশাল সরকারি ব্রজমোহন কলেজ, বাংলা বিভাগের সাবেক বিভাগীয় প্রধান এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষাবোর্ডের সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক

অধ্যক্ষ আ. খা. মো. আবদুর রব স্যারের লেখা

উচ্চ মাধ্যমিক ও সমমান শ্রেণির

বাংলা ব্যাকরণ ও নির্মিতি

বইটি অনন্য

বইটি প্রশ্নোত্তরের ভিত্তিতে রচিত, তাই উচ্চ মাধ্যমিক শ্রেণির শিক্ষার্থীদের অধিক নম্বর প্রাপ্তিতে সহায়ক

সম্পাদনা করেছেনঃ বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ডের বাংলা ২য়পত্র বিষয়ের প্রধান পরীক্ষক, সরকারি আগৈলঝাড়া কলেজের বাংলা প্রভাষক কবি, গবেষক ও সৃজনশীল গ্রন্থ প্রণেতা

পথিক মোস্তফা (এমফিল, ইবি)

বই পাওয়ার জন্য যোগাযোগ করুনঃ

01718246162, 01712189338, 01712926836

গদ্য প্রকাশন, বরিশাল

বরিশাল নগরীর যেসব স্থানে বইটি পাওয়া যাচ্ছে

বুক ভিলা সদর রোড, বরিশাল 01932-314219	ইসলামিয়া লাইব্রেরি প্যারারোড, সদর রোড, বরিশাল 01711-264963	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868515	অংকুর লাইব্রেরি সদর রোড, বরিশাল 01708-868514
খন্দকার লাইব্রেরি সদর রোড, বরিশাল 01711-047767	নিউ মাহবুব লাইব্রেরি সদর রোড, বরিশাল 01763-107720	রহমান বুক হাউজ প্যারারোড, সদর রোড, বরিশাল 01718-670945	মজুমদার লাইব্রেরি অমৃত লাল দে কলেজের সামনে, বরিশাল 01716-139268
অমৃত লাইব্রেরি অমৃত লাল দে কলেজের পাশে, বরিশাল 01719-408049	নিউ কলেজ লাইব্রেরি বি.এম কলেজের সামনে 01726-074663	হক লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেটের পশ্চিম পাশে 01724-851658	আশরাফিয়া লাইব্রেরি বি.এম কলেজ মসজিদ গেট 01717-488083

শিক্ষক দিবস উপলক্ষ্যে বিএম কলেজে সভা

আজিজুল হাকিম সামি, বিএম কলেজ

"শিক্ষকের পাশে ৬০ বছরঃ শিক্ষকতার সুরক্ষা ও মর্যাদা বৃদ্ধি এবং শিক্ষকদের ভবিষ্যৎ নির্মাণ" এই প্রতিপাদ্যকে সামনে রেখে বিশ্ব শিক্ষক দিবস-২০২৬ উপলক্ষে সরকারি ব্রজমোহন (বিএম) কলেজে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় শিক্ষার গুণগত মানোন্নয়ন, শিক্ষকতার সুরক্ষা, মর্যাদা বৃদ্ধি এবং শিক্ষার্থীদের জ্ঞান, নৈতিকতা ও মানবিক মূল্যবোধে সমৃদ্ধ করে গড়ে তুলতে শিক্ষকদের ভূমিকার বিভিন্ন দিক তুলে ধরা হয়। সোমবার (৫ অক্টোবর) কলেজের শহীদ তাহিদুল ইসলাম লাইব্রেরি ভবনের ২য় তলায় শিক্ষক মিলনায়তন কক্ষে আয়োজিত এ আলোচনা সভায় ২ এর পাতায় দেখুন

রাজাপুরে সিঁধ কেটে ঘরে চুরি অচেতন ৬

রাজাপুর প্রতিনিধি

ঝালকাঠির রাজাপুরে সিঁধ কেটে বসতঘরে ঢুকে চুরির অভিযোগ উঠেছে। এ সময় ঘুমন্ত এক নারীর কানের দুল খুলে নেওয়ার চেষ্টা করলে তার চিৎকারে পালিয়ে যায় চোর। পরে ওই ঘর থেকে একই পরিবারের ছয় সদস্যকে অচেতন অবস্থায় উদ্ধার করে হাসপাতালে ভর্তি করা হয়েছে। রোববার দিবাগত রাত সাড়ে ২ এর পাতায় দেখুন

বরিশাল বিশ্ববিদ্যালয়ের সড়কে ফোর লেন ও ফুটওভার ব্রিজের উদ্যোগ

কীর্তনখোলা রিপোর্ট

শুধু দপদপিয়া সেতু সংস্কারই নয়, দপদপিয়া টোল প্লাজা থেকে মাইশা চত্বর পর্যন্ত পুরো সড়ক কংক্রিটের (আরসিসি) করার উদ্যোগ নিয়েছে সড়ক বিভাগ। এর পাশাপাশি বরিশাল বিশ্ববিদ্যালয়ের (ববি) সামনে ফোর লেন সড়ক, ড্রেনেজ ব্যবস্থা, পথচারীদের চলাচলের পথ ও ফুটওভার ব্রিজ নির্মাণের উদ্যোগ নেওয়া হয়েছে। বরিশাল সড়ক জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী মো. ফজলে রাব্বি দায়িত্ব নেওয়ার মাত্র ১৫ দিনের মধ্যেই বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের দীর্ঘদিনের দাবির পরিপ্রেক্ষিতে এ সিদ্ধান্ত নেন। সড়ক বিভাগ সূত্রে জানা গেছে, বিশ্ববিদ্যালয়ের সামনে ফোর লেনের কংক্রিট সড়ক ও ফুটওভার ব্রিজের নির্মাণকাজ আগামী এক মাসের মধ্যে শুরু হবে। এ বিষয়ে অতিরিক্ত প্রধান প্রকৌশলী মো. ফজলে রাব্বি বলেন, 'বরিশাল বিভাগের সড়ক ব্যবস্থাকে আধুনিক ২ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলাঃ** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলাঃ** পটুয়াখালী, **ভোলা জেলাঃ** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলাঃ** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলাঃ** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক

০১৩০৪১৬৮৪১৯

সম্পাদকীয়

প্রধানমন্ত্রীর কঠোর বার্তা

ক্ষমতাসীন দলের নেতাকর্মীরা অন্যায় করে পার পেয়ে যান–দেশের মানুষ বহুকাল থেকে এমনটিই দেখে আসছে। ঠিক এই জায়গায় প্রধানমন্ত্রী তারেক রহমান বিরল উদাহরণ সৃষ্টি করেছেন। মিরপুরে রাড্ডা এমসিএইচ-এফপি সেন্টারে হামলা, ভাঙচুর ও লুটপাটের ঘটনায় জড়িত থাকার অভিযোগে বিএনপির সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্য ফেরদৌসী আহমেদ মিষ্টিকে পদত্যাগের নির্দেশ দিয়েছেন। গত বৃহস্পতিবার তাঁর সেই নির্দেশ কার্যকরও হয়েছে। জাতীয় সংসদের স্পিকার হাফিজ উদ্দিন আহমদের সঙ্গে সাক্ষাৎ করে পদত্যাগপত্র জমা দিয়েছেন মিষ্টি। দলীয় এমপির বিরুদ্ধে এমন কঠোর অবস্থান দলের সর্বস্তরের নেতাদের জন্যও বিশেষ বার্তা বলে মনে করা হচ্ছে, যা একটি রাজনৈতিক দলে শৃঙ্খলা ফেরাতে অপরিহার্য। রাড্ডা স্বাস্থ্যকেন্দ্রে হামলার ঘটনা ঘটে ২৪ সেপ্টেম্বর মধ্যরাতে। সেই সময় প্রধানমন্ত্রী তারেক রহমান জাতিসংঘে সাধারণ পরিষদের অধিবেশনে যোগ দিতে যুক্তরাষ্ট্রে অবস্থান করছিলেন। জাতিসংঘে বিশ্বমঞ্চে দাঁড়িয়ে তিনি সম্ভাবনাময় বাংলাদেশের কথা তুলে ধরেন। অথচ সেখান থেকে ফিরে এসেই তাঁকে রাড্ডাকাণ্ডে বিএনপি নেতাকর্মীদের জড়িত থাকার অভিযোগের কথা শুনতে হয়। খবরে বলা হয়, শুরু থেকেই প্রধানমন্ত্রী এ ব্যাপারে অনমনীয় ছিলেন। যুক্তরাষ্ট্র থেকে দেশে ফিরেই প্রধানমন্ত্রী রাড্ডা স্বাস্থ্যকেন্দ্রে হামলাসহ অন্যান্য ঘটনার তথ্য-উপাত্ত সংগ্রহের নির্দেশ দেন। রাড্ডার ঘটনায় কী ব্যবস্থা নেওয়া যায়, তা নিয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়সহ দায়িত্বশীল ব্যক্তিদের সঙ্গেও কথা বলেন। এমন প্রেক্ষাপটে প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমন জানান, ফেরদৌসী আহমেদ মিষ্টিকে পদত্যাগের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী। এ ঘটনায় সাতক্ষীরা-৪ আসনের সংসদ সদস্য গাজী নজরুল ইসলামকে জামায়াত থেকে বহিষ্কারের ঘটনাও আলোচনায় এসেছে। দ্বিতীয় স্ত্রী মরিয়ম আক্তারের আত্মহত্যার প্ররোচনার মামলায় জামায়াত গাজী নজরুল ইসলামকে দল থেকে বহিষ্কার করলেও পদত্যাগের নির্দেশ দেয়নি। এতে তাঁর সংসদ সদস্য পদও শূন্য হয়নি। এ প্রসঙ্গে অ্যাটর্নি জেনারেল মো. রুহুল কুদ্দুস কাজল বলেন, 'জামায়াত না পারলেও প্রধানমন্ত্রী তারেক রহমান পেরেছেন। এখানে মেসেজ একদম ক্লিয়ার।' রাজনৈতিক বিশ্লেষকরাও বলছেন, দলীয় কোনো এমপির বিরুদ্ধে অভিযোগ ওঠার পর এত দ্রুত পদত্যাগের নির্দেশ দেওয়ার ঘটনা অতীতে বিরল। রাড্ডাকাণ্ডে মিষ্টি ছাড়াও বিএনপির আরো কয়েকজন নেতাকর্মীর নাম এসেছে। তাঁদের মধ্যে অনেকের রাজনৈতিক পদ থেকে বহিষ্কার করা হয়েছে। অভিযোগ রয়েছে, মিষ্টির ঘনিষ্ঠ হিসেবে অনেকেই এলাকায় নানা অপকর্মে জড়িত। স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, তদন্তে দোষ প্রমাণিত হলেই আইনানুযায়ী ব্যবস্থা নেওয়া হবে। তবে ওয়াকিফহাল মহল মনে করেন, রাড্ডাকাণ্ডে কঠোরতা দেখানোর পাশাপাশি আইন-শৃঙ্খলা পরিস্থিতি উন্নয়নে আরো জোরালো ভূমিকা নেওয়া প্রয়োজন। এর আগে অন্তর্বর্তী সরকারের আমলে আইন-শৃঙ্খলা পরিস্থিতির মারাত্মক অবনতি দেখা গেছে। বর্তমান সরকার ক্ষমতা গ্রহণের পর সার্বিক পরিস্থিতি নিয়ে অস্বস্তি পুরোপুরি কাটেনি। বিভিন্ন স্থানে ক্ষমতাসীন দলের নেতাকর্মীদের বিরুদ্ধে নানা অভিযোগ আসছে। কাজেই রাজনৈতিক পরিচয় যেন কোনো অপকর্মের ঢাল না হয়, তা সরকারকে নিশ্চিত করতে হবে।

বরিশাল বিশ্ববিদ্যালয়ের সড়কে

ও টেকসই করতে আমরা কাজ করছি। দপদপিয়া টোল থেকে মাইশা চত্বর পর্যন্ত সড়কটি কংক্রিটের করা হবে, যাতে এটি দীর্ঘস্থায়ী হয়। ববি শিক্ষার্থীদের নিরাপত্তার কথা চিন্তা করে ক্যাম্পাসের সামনে ফোর লেন ও ফুটওভার ব্রিজ করা হবে।' তিনি আরও জানান, বরিশাল বিভাগের সড়ক অবকাঠামো উন্নয়নে প্রায় ৪ হাজার কোটি টাকার একটি ডিপিপি প্রস্তাবনা পাঠানো হয়েছে, যা দ্রুতই অনুমোদিত হবে বলে আশা করা যাচ্ছে। এ ছাড়া মুলাদী-হিজলাসহ বিভাগের সকল আঞ্চলিক সড়ক প্রশস্তকরণের কাজ হাতে নেওয়া হয়েছে। শিক্ষার্থীদের দাবিগুলোকে অত্যন্ত যুক্তিসংগত বলে মন্তব্য করেন এই কর্মকর্তা। সড়ক বিভাগের এ উদ্যোগে সন্তোষ প্রকাশ করেছেন বিশ্ববিদ্যালয়টির শিক্ষক-শিক্ষার্থী ও স্থানীয় বাসিন্দারা। বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের এক শিক্ষার্থী বলেন, 'দপদপিয়া সেতু থেকে ক্যাম্পাস পর্যন্ত সড়কটি প্রতিদিনের দুর্ঘটনার আতঙ্কের নাম ছিল। নতুন প্রকৌশলী যোগদানের পরপরই আমাদের দাবি মেনে নিয়ে সড়ক ও ফুটওভার ব্রিজের উদ্যোগ নেওয়ায় আমরা আনন্দিত।'

৪৫ শতাংশ বিদ্যালয়ের

বরিশাল সদর প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. নাছির উদ্দিন খলিফা বলেন, 'অভিযোগ পেলেও আইনি জটিলতায় নেয়া যাচ্ছে না ব্যবস্থা।' বরিশাল সিটি কর্পোরেশন এলাকায় ৮৩ বছরের পুরনো দিয়াপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়। ১০টি শ্রেণিকক্ষের সবগুলোই যে কোন সময় ধ্বসে পড়তে পারে। কিন্তু জমির মালিকানা স্কুলের না থাকায় করা যাচ্ছে না সংস্কার কাজও। প্রাথমিক শিক্ষা বিভাগের বরিশাল বিভাগীয় উপ-পরিচালক নিলুফার ইয়াসমিন বলেন, 'দ্রুত এ বিষয়ে ব্যবস্থা নেয়ার এবং এসব স্কুলের উন্নয়ন কাজ শুরু করা হবে।' বিভাগের ৬ জেলার মধ্যে বরগুনার ৩৭৩টি স্কুলের নেই নিজস্ব কোনো জমি। পটুয়াখালীতে ৭৩টি, ঝালকাঠিতে ৫২টি এবং পিরোজপুরের ২২টি স্কুলের অবস্থাও একই।

বরিশালে ফেন্সিডিলসহ গ্রেফতারের

সেই সময় ২৫ বোতল ফেন্সিডিলসহ শাহাদাৎ ও জলিলকে আটক করা হয়। পরে তাদের দেওয়া তথ্য অনুযায়ী নগরের উত্তর আলেকান্দা এলাকার ভাড়া বাসা থেকে আরও ১৮৪ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয় বলে জানান তিনি। এ ঘটনায় র‍্যাবের (বর্তমানে এসআরবি) ডিএডি মশিউর রহমান বাদী হয়ে দুইজনকে আসামি করে কোতোয়ালি মডেল থানায় মামলা করেন। পরে একই বছরের ৩ নভেম্বর কোতোয়ালি থানার তৎকালীন এসআই আব্দুর রহমান মুকুল দুইজনকে আসামি করে আদালতে অভিযোগপত্র জমা দেন বলে জানান আদালতের বেঞ্চ সহকারী মো. রিয়াজ। পাঁচজনের সাক্ষ্য গ্রহণ শেষ দুইজনকে যাবজ্জীবন কারাদণ্ড ও পলাতক থাকায় তাদের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করা হয় বলে জানান তিনি।

বরিশাল মেডিকেলে ডেঙ্গুতে

চলতি বছরের গত জানুয়ারি থেকে ৫ অক্টোবর সকাল ৮টা পর্যন্ত বরিশাল বিভাগে ডেঙ্গুজ্বরে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছেন ২১ জন। যার মধ্যে শেবাচিম হাসপাতালে মারা গেছেন ১৮ জন। একই সময়ে বিভাগের ছয়টি জেলার সরকারি হাসপাতালগুলোতে ১২ হাজার ৬৭৬ জন ডেঙ্গু আক্রান্ত রোগী ভর্তি হয়ে চিকিৎসা নিয়েছেন। বর্তমানে চিকিৎসাধীন রয়েছেন ৬৩০ জন। বাকিরা সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন। স্বাস্থ্য অধিদপ্তরের বরিশাল বিভাগীয় পরিচালক ডা. মো. রেফায়েতুল হায়দার এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, গত ৪ অক্টোবর সকাল ৮টা থেকে ৫ অক্টোবর সকাল ৮টা পর্যন্ত ২৪ ঘণ্টায় বরিশাল বিভাগের সরকারি হাসপাতালগুলোতে নতুন করে ২১৬ জন ডেঙ্গু আক্রান্ত রোগী ভর্তি হয়েছে। একই সময় সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ২১ জন এবং মৃত্যুবরণ করেছেন ২ জন। তিনি জানান, চলতি বছরে মোট ডেঙ্গু আক্রান্তের মধ্যে পিরোজপুরে সর্বোচ্চ ৩ হাজার ২৬১ জন। এরপর ঝালকাঠিতে ২ হাজার ৩২৭ জন। বরিশাল জেলায় এক হাজার ২৬৭ জন, পটুয়াখালীতে এক হাজার ২৭৭ জন, এক হাজার ৮৯৫ জন, বরগুনায় এক হাজার ৭০১ জন এবং ভোলা জেলায় আক্রান্ত হয়েছেন ৭৬৩ জন।

বরিশালে ফিলিং স্টেশনগুলোতে

না গেলে আগামী দিনগুলোতে নগর পরিবহনে আরও বড় ধরনের অচলাবস্থা তৈরি হতে পারে বলে আশঙ্কা যানবাহন মালিক ও চালকদের। নগরীর সাগরদী মেসার্স ডোস্ট ট্রেডার্স ফিলিং স্টেশনের ক্যাশ ইনচার্জ মো. সোহাগ বলেন, 'গত ৩ থেকে ৪ দিন ধরে গ্যাসের সংকট চলছে। প্রতিদিন ২০ হাজার লিটার গ্যাসের চাহিদা থাকলেও সরবরাহ পাচ্ছি মাত্র ১০-১২ হাজার লিটার। এ কারণে প্রয়োজন মতো গ্যাস দিতে পারছি না। তবে কী কারণে এমন সংকট দেখা দিয়েছে তা নিশ্চিতভাবে বলতে পারছি না।' রূপাতলী লিলি ফিলিং স্টেশনের ম্যানেজার মো. রিপন সিকদার বলেন, 'আমরাও গ্যাস সংকটে ভুগছি। সিএনজি চালকদের পর্যাপ্ত গ্যাস দিতে পারছি না। তাই গ্যাস বিক্রি বন্ধ করে দিয়েছি।' গ্যাস না পেয়ে ভোগান্তিতে পড়া সিএনজি চালক নাসিমুল ইসলাম বলেন, 'সকাল থেকে তিনটি পাম্প ঘুরেও গ্যাস পাইনি। সাগরদী এলাকার ডোস্ট পাম্পে ২ ঘণ্টা সিরিয়ালে বসে থেকে গ্যাস পেয়েছি। কিন্তু ৩০০ টাকার বেশি গ্যাস দেয়নি।' একই অভিযোগ করেন আরেক সিএনজি চালক মিলন হোসেন বলেন, '৩-৪ দিন ধরেই ফিলিং স্টেশনগুলোতে গ্যাস পাচ্ছি না। দু-একটিতে পাওয়া গেলেও সময়মতো না গেলে তাতেও গ্যাস পাওয়া যায় না।' তিনি বলেন, 'এ অবস্থা চললে গাড়ি চালানো মুশকিল হয়ে দাঁড়াবে। সংসারের খরচ চালানো অসম্ভব হয়ে পড়বে।' এদিকে নগরীতে এলপিজি সিলিন্ডারেরও তীব্র সংকট দেখা দিয়েছে। অধিকাংশ খুচরা দোকানে মিলছে না ১২ কেজির সিলিন্ডার। হাতেগোনা কয়েকটি দোকানে পাওয়া গেলেও নেওয়া হচ্ছে ২ হাজার টাকার বেশি। এলপিজি ব্যবসায়ীরা বলছেন, 'প্রায় এক মাস ধরে কোম্পানিগুলো ডিলারদের চাহিদা অনুযায়ী এলপিজি সরবরাহ করতে পারছে না। এর সঙ্গে পাইকারি পর্যায়ে দাম বৃদ্ধিতে সংকট আরও তীব্র হয়েছে।' গ্রাহকদের অভিযোগ, সিলিন্ডার প্রতি সরকারের নির্ধারিত দামের চেয়ে ২০০-৩০০ টাকা বেশি হাঁকানো হচ্ছে। বাধ্য হয়ে সাধারণ মানুষকে ১৮৫০ থেকে ২০০০ টাকায় সিলিন্ডার কিনতে হচ্ছে। ডিলারদের কাছে খোঁজ নিয়ে জানা গেছে, সান গ্যাস ১ হাজার ৭০০ টাকা, আই গ্যাস ১ হাজার ৭২০ টাকা, ইউনিক ২ হাজার টাকা, ওমেরা ১ হাজার ৮০০ টাকা, যমুনা ১ হাজার ৭৫০ টাকা খুচরা পর্যায়ে বিক্রি করা হচ্ছে। কিন্তু খুচরা ব্যবসায়ীরা প্রতি সিলিন্ডার গ্যাস গ্রাহকদের কাছ থেকে ২০০ থেকে ৩০০ টাকা বাড়তি বিক্রি করছে। সান গ্যাসের বরিশালের ডিলার জুয়েল বলেন, '২৬ সেপ্টেম্বর পাইকারি বাজারে ১২ কেজির এলপিজি সিলিন্ডারে ৫৫ টাকা বেড়েছে। আগে ১ হাজার ৫৮৫ টাকা হলেও এখন ১ হাজার ৬৪০ টাকায় বিক্রি হচ্ছে। সরবরাহ কম থাকায় চাহিদা অনুযায়ী গ্যাস পাওয়া যাচ্ছে না। আমরা খুচরা ব্যবসায়ীদের চাহিদামতো গ্যাস দিতে পারছি না।' বরিশাল পলিটেকনিক এলাকার বাসিন্দা গৃহবধূ ফারজানা ববি বলেন, 'রান্নার জন্য সিলিন্ডার ছাড়া অন্য কোনো উপায় না থাকায় দাম বাড়তি হলেও কিনতে হচ্ছে। এমন পরিস্থিতি থেকে কবে শান্তি পাব তা বুঝে উঠতে পারছি না।' এ বিষয়ে জেলা প্রশাসন ও ভোক্তা অধিকারের তদারকির দাবি জানান তিনি। এ ব্যাপারে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর বরিশাল বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক ইন্দ্রানী দাস বলেন, 'সরকার নির্ধারিত মূল্যের বাইরে এলপিজি বিক্রির সুযোগ নেই। এ বিষয়ে খোঁজ-খবর নিয়ে দ্রুত বাজার তদারকি চালানো হবে।'

কাউখালীর জেসমিন ধর্ষণ ও হত্যার

ঢুকে তারা আসবাবপত্র, আলমারি ও অন্যান্য আসবাবপত্র তছনছ অবস্থায় দেখতে পান এবং ঘরের ভিতরে খাটের উপরে গৃহবধূর বিবস্ত্রলাশ পড়ে থাকতে দেখেন। মরদেহ ময়নাতদন্ত শেষে রাতে জানাজা শেষে পারিবারিক কবরস্থানে দাফন করা হয়েছে। নিহতের ভাই নাজির হোসেন অভিযোগ করেন, তার বোন জেসমিন স্বামীর মৃত্যুর পর পরিবারের কেউকে না জানিয়ে পিরোজপুর জেলা তাঁতি দলের সাধারণ সম্পাদক, জিয়ানগর উপজেলার ভবানীপুর ঘোষের হাট এলাকার মানিক হাওলাদারকে বিয়ে করেন। এই প্রধান অভিযুক্তের কাছে তার বোন জেসমিনের প্রায় ছয় লাখ টাকা পাওনা ছিল। এই টাকা নিয়ে তাদের ভিতরে সম্পর্কের টানাপোড়েন দেখা যায়। পরিকল্পিতভাবে তার বোনকে একাধিক আসামী গণধর্ষণের পর হত্যা করেছে। এবং হত্যার পর ঘরে থাকা স্বর্ণালংকার ও অন্যান্য মূল্যবান সামগ্রী নিয়ে যায়। হত্যার ঘটনায় মৃত্যু জেসমিনের মেয়ে কাকন মনি বাদী হয়ে কাউখালী থানায় মামলা করেছেন। ঘটনার খবর পেয়ে পিরোজপুরের পুলিশ সুপার মুহাম্মদ তালেবুর রহমান ঘটনাস্থল পরিদর্শন করেন। কাউখালী থানার ওসি মোহাম্মদ আনোয়ার হোসেন জানান, ঘটনার ২৪ ঘণ্টার মধ্যেই এসআরবি এর সহায়তায় মামলার প্রধান আসামিকে তথ্যপ্রযুক্তির মাধ্যমে পালানোর পথে তাকে মাদারীপুর থেকে গ্রেপ্তার করা সম্ভব হয়েছে। ময়নাতদন্তের প্রতিবেদন পাওয়ার পর জেসমিনের মৃত্যুর প্রকৃত কারণ সম্পর্কে নিশ্চিত হওয়া যাবে। ঘটনার রহস্য উদঘাটন ও জড়িতদের শনাক্ত করে গ্রেফতার করতে পুলিশি কার্যক্রম অব্যাহত আছে।

ভিডিওকলে প্রবাসীর স্ত্রীর

খানের ভাষ্যমতে, বিয়ের পর থেকে মেয়ে জামাতা, তার মা, বোন ও বোন জামাতা কারণে-অকারণে ঝুমুরকে মানসিক নির্যাতন করে আসছেন। এরই মধ্যে ঝুমুরের স্বামী কর্মের সুবাদে কুয়েত গমন করেন। পরবর্তীতে মা রুনু বেগম, বোন নাজমিন বেগম, শারমিন, রিয়া ও নাজমিনের জামাতা সাইদুল হাওলাদারের প্ররোচনায় ঝুমুরের ওপর মানসিক নির্যাতনের মাত্রা আরও বাড়িয়ে দেন শাহারিয়া। একপর্যায়ে স্বামীর বাড়ি থেকে ঝুমুরকে তার মেয়েসহ তাড়িয়ে দেওয়া হয়। সেই থেকে ঝুমুর তার কন্যাকে নিয়ে বাবার বাড়িতে থাকতেন। তিনি আরও জানান, বিয়ের সময় পর্যাপ্ত মালামাল না দেওয়া, ৫০০ বরযাত্রীকে না আনা, দেখতে সুন্দরী না হওয়ার অজুহাত তুলে দীর্ঘদিন থেকে শাহারিয়া ও তার পরিবারের সদস্যরা ঝুমুরকে মানসিক নির্যাতন করে আসছিলেন। ঘটনার দিন রাতে শাহারিয়া ভিডিওকল দিয়ে ঝুমুরকে অকথ্য ভাষায় গালিগালাজ করেন। একপর্যায়ে তাকে (ঝুমুর) বিষপান করে মরে যাওয়ার কথা বলেন। পরে স্বামীকে ভিডিওকলে রেখেই বিষপান করেন তিনি। এ বিষয়ে আগৈলঝাড়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ মাসুদ খান বলেন, পুরো বিষয়টি তদন্ত করে পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

ভয়ভীতি দেখিয়ে কণ্ঠ

বিএনপি সরকার গঠনের পর পাটওয়ারীর ওপর 'পঞ্চম হামলা' বলে দাবি করেছেন দলটির আহ্বায়ক নাহিদ ইসলাম। রোববার রাতে নিজের ভেরিফায়েড ফেসবুক পেজে দেওয়া এক পোস্টে নাহিদ ইসলাম এ দাবি করেন। পোস্টে নাহিদ ইসলাম বলেন, 'আবারও নাসীরুদ্দীন পাটওয়ারীর ওপর হামলা হয়েছে। এবার কুষ্টিয়ায় মাজারের ভেতরে প্রবেশ করে পাটওয়ারীসহ এনসিপির নেতাকর্মীদের ওপর সশস্ত্র হামলা করেছে বিএনপির সন্ত্রাসীরা।' নাহিদ আরও বলেন, বিএনপি সরকার গঠনের পর নাসীরুদ্দীন পাটওয়ারীর ওপর এটি পঞ্চমবারের মতো হামলা। একজন নেতাকে কতটা ভয় পেলে ক্ষমতাসীন দলের নেতা-কর্মীরা এতটা উন্মাদ হতে পারেন–প্রশ্ন রাখেন তিনি। হামলাকারীদের দ্রুত চিহ্নিত করে বিচারের আওতায় আনার দাবি জানিয়ে নাহিদ ইসলাম বলেন, ভয়ভীতি বা দমন-পীড়ন চালিয়ে নাসীরুদ্দীন পাটওয়ারীদের কণ্ঠ স্তব্ধ করা যাবে না। এর আগে কুষ্টিয়ায় নাসীরুদ্দীন পাটওয়ারীর ওপর হামলার অভিযোগের খবর প্রকাশিত হয়। সর্বশেষ ঘটনায় নাহিদ ইসলাম হামলার জন্য বিএনপির নেতা-কর্মীদের দায়ী করলেও এ বিষয়ে বিএনপির পক্ষ থেকে তাৎক্ষণিক কোনো বক্তব্য পাওয়া যায়নি।

কর্তৃত্ববাদী শাসনব্যবস্থা কায়েমে

জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার। তিনি বলেন, দেশ ও জনগণের প্রতি সরকারের কোনো দায়বদ্ধতা নেই। দলীয়করণ ব্যতীত এই সরকারের আর কোনো সফলতা নেই। সরকার ক্ষমতা গ্রহণের ৬ মাসের মাথায় ব্যর্থতার পরিচয় দিয়েছে। সোমবার (৫ অক্টোবর) বিকেলে রাজধানীর পুরানা পল্টনে ঢাকা মহানগরী দক্ষিণ কার্যালয়ের সামনে ডেঙ্গু জ্বর প্রতিরোধে জনসচেতনতা সপ্তাহের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে সেক্রেটারি জেনারেল এসব কথা বলেন। কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে আয়োজন করে ঢাকা মহানগরী দক্ষিণ জামায়াত। গোলাম পরওয়ার বলেন, 'জনগণের খাজনা- ট্যাক্সের টাকা সরকারের পকেটে কিন্তু হাম ও ডেঙ্গু প্রতিরোধে কাজ করছে জামায়াতে ইসলামী।' সরকারের কাছে প্রশ্ন রেখে তিনি বলেন, 'আই হ্যাভ এ প্ল্যান কি হাম ও ডেঙ্গু আক্রান্ত হয়ে মানুষ মারা গেলেও আপনাদের কোনো মাথাব্যথা নেই!' গোলাম পরওয়ার বলেন, 'সরকার যে কোনো সমস্যাকে আগের সরকারের রেখে যাওয়া সমস্যা বলে দায়মুক্ত হতে চায়। অথচ আগের কোনো সরকার পরের সরকারের জন্য সমস্যা সমাধান করে দিয়ে যায় না! আগের সরকার সমস্যা সমাধান করতে না পারার কারণেই মানুষ সরকার পরিবর্তন করে। কিন্তু পরিবর্তনের পরও যদি নতুন সরকার সমস্যা সমাধান করতে না পারে তবে জনগণ সেই সরকারকেও পরিবর্তনে বাধ্য হবে।' সংগঠনের কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমির মো. নূরুল ইসলাম বুলবুল এমপির সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন জামায়াতের কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য মোবারক হোসেন, দক্ষিণের নায়েবে আমির আব্দুস সবুর ফকির অ্যাডভোকেট ড. হেলাল উদ্দিন, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন ঢাকা মহানগরী দক্ষিণের সভাপতি আব্দুস সালাম প্রমুখ। সভাপতির বক্তব্যে নূরুল ইসলাম বুলবুল এমপি বলেন, 'সরকারের ব্যর্থতায় ডেঙ্গু ও হামের প্রভাব বৃদ্ধি পাচ্ছে। অন্যান্য সেক্টরের মতো স্বাস্থ্য খাতে দলীয়করণের মাধ্যমে অদক্ষ, অযোগ্য লোকদের দায়িত্ব দেওয়া হয়েছে। যার কারণে স্বাস্থ্য খাত নিজেই দূর আরোগ্য ব্যাধিতে আক্রান্ত। ডেঙ্গু প্রতিরোধের জন্য যেই অর্থের বরাদ্দ ও পরিকল্পিত পদক্ষেপ প্রয়োজন তার কোনোটিই সরকারের নেই।' সভা শেষে ডেঙ্গু প্রতিরোধে মশকনিধন অভিযান পরিচালিত হয়। এছাড়াও স্থানীয়দের মাঝে মশারিসহ প্রয়োজনীয় সুরক্ষা সামগ্রী বিতরণ করা হয়।

সরকার গণমাধ্যমের স্বাধীনতা

সরকার গণমাধ্যমকে নিয়ন্ত্রণ করার কোনো চেষ্টা করছে না এবং এ ধরনের কোনো ইচ্ছাও সরকারের নেই বলেও জানান তিনি। সোমবার (৫ অক্টোবর) মন্ত্রণালয়ে নিজ অফিসকক্ষে তথ্যমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন বাংলাদেশে নিযুক্ত যুক্তরাজ্যের হাইকমিশনার সারাহ কুক। সাক্ষাৎকালে মন্ত্রী এসব কথা বলেন। এসময় তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ইয়াসের খান চৌধুরী উপস্থিত ছিলেন। সাক্ষাৎকালে ব্রিটিশ হাইকমিশনার সারাহ কুক তথ্য ও সম্প্রচার মন্ত্রী আন্দালিভ রহমানকে দায়িত্ব গ্রহণের জন্য অভিনন্দন জানান। তথ্যমন্ত্রী বলেন, সাংবাদিকদের মতপ্রকাশের স্বাধীনতা নিশ্চিত করার পাশাপাশি জনগণকে ভুল তথ্য ও অপতথ্য থেকে সুরক্ষা দেওয়ার বিষয়টিও অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ সময় তিনি গণমাধ্যমসহ বিভিন্ন সামাজিক যোগাযোগমাধ্যমে মানহানিকর ও বিভ্রান্তিকর তথ্য প্রচারের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা গ্রহণের ওপর গুরুত্বারোপ করেন। এসময় তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী ইয়াসের খান চৌধুরী বলেন, গণমাধ্যমের স্বাধীনতা নিশ্চিত করার পাশাপাশি জনগণের অধিকার সুরক্ষার বিষয়টিও সমানভাবে বিবেচনায় নেওয়া প্রয়োজন। এ বিষয়ে সরকার সংশ্লিষ্ট অংশীজনদের সঙ্গে নিয়মিত মতবিনিময় করছে বলেও তিনি জানান। প্রতিমন্ত্রী আরও বলেন, সাংবাদিকদের আর্থিক সুরক্ষা নিশ্চিত করতে সরকার ইতোমধ্যে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। তবে এক্ষেত্রে গণমাধ্যম মালিকদেরও দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। সাক্ষাৎকালে যুক্তরাজ্যের হাইকমিশনার সারাহ কুক মতপ্রকাশের স্বাধীনতা নিশ্চিত করার পাশাপাশি সাংবাদিকতার নৈতিক মানদণ্ড বজায় রাখার ওপর গুরুত্বারোপ করেন। তিনি সামাজিক যোগাযোগমাধ্যমে ভুল তথ্য ও অপতথ্য মোকাবিলায় ফ্যাক্ট-চেকিংয়ের গুরুত্ব তুলে ধরেন। এক্ষেত্রে যুক্তরাজ্যের অফিস অফ কমিউনিকেশন বা 'অফকম' এবং বাংলাদেশের তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মধ্যে সহযোগিতার সুযোগ রয়েছে বলেও উল্লেখ করেন তিনি। বৈঠকে সামাজিক যোগাযোগমাধ্যমের বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবিলা, তথ্যের সঠিকতা নিশ্চিতকরণ এবং দায়িত্বশীল গণমাধ্যম চর্চাসহ পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয়েও আলোচনা হয়।

শিক্ষকরা আমৃত্যু রাষ্ট্রের

যেভাবেই থাকুন তার সুমহান পেশার কারণেই আমৃত্যু তিনি রাষ্ট্রের কাছে অবশ্যই সম্মানীয়। সোমবার (৫ অক্টোবর) রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে বিশ্ব শিক্ষক দিবসের আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, পারিবারিক পাঠশালার গণ্ডি পার হওয়ার পর প্রতিটি শিক্ষার্থীর সামনে শিক্ষক-শিক্ষিকারাই হচ্ছেন 'আদর্শ রোল মডেল'। শিক্ষক-শিক্ষিকারা যাতে নিজেকে একজন রোল মডেল হিসেবে শিক্ষার্থীদের সামনে আত্মবিশ্বাসের সঙ্গে উপস্থাপন করতে পারেন। বর্তমান সরকার সে ধরনের পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন করছে। তিনি বলেন, বর্তমানে সোশ্যাল মিডিয়ার বিকাশ এবং আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্সের এই সময়ে প্রথাগত শিক্ষা পদ্ধতির বাইরে এসে কারিগরি এবং ব্যাবহারিক শিক্ষা বিকল্পহীন হয়ে উঠেছে। সুতরাং, 'শিখন' এবং 'শিক্ষণ' পদ্ধতির কৌশল পরিবর্তন এবং শিক্ষা সিলেবাসের আধুনিকায়ন এসব ক্ষেত্রে প্রচলিত প্রথাগত পদ্ধতির পরিবর্তন করা এখন সময়ের দাবি। বাস্তবতার নিরিখে সরকার নতুন সিলেবাস প্রণয়ন করেছে। এ বছরের মধ্যেই শিক্ষার্থীরা নতুন সিলেবাস অনুযায়ী হাতে পাচ্ছে। সুতরাং, শিক্ষার্থীরা যাতে বই বিমুখ হয়ে না ওঠে, এ ক্ষেত্রে 'শিখন' এবং 'শিক্ষণ' পদ্ধতি খুবই গুরুত্বপূর্ণ। তিনি বলেন, মুখস্থ করার চেয়ে 'কেন' এবং 'কীভাবে' এই প্রশ্নগুলো শিক্ষার্থীদের মনের মধ্যে জাগিয়ে তোলা জরুরি। কৌতূহল থাকলে শিক্ষার্থী নিজেও নিজের শিক্ষক হয়ে ওঠে। এমন বাস্তবতায় বর্তমান সরকার গত ফেব্রুয়ারি মাসে রাষ্ট্র পরিচালনার দায়িত্ব নিয়েই স্কুলের সিলেবাস আধুনিকায়ন করেছে। 'শিখন' কৌশল হিসেবে 'আনন্দময় শিক্ষা' সারাবিশ্বেই, বিশেষ করে স্কুল পর্যায়ের শিক্ষার্থীদের কাছে গ্রহণীয় হয়ে উঠেছে। আপনারা জেনে আনন্দিত হবেন, বাংলাদেশেও এবার প্রথমবারের মতো শিক্ষা মন্ত্রণালয়ের উদ্যোগে 'ষষ্ঠ শ্রেণির' শিক্ষার্থীদের হাতে 'লার্নিং উইথ হ্যাপিনেস' শিরোনামে একটি নতুন বই তুলে দেওয়া হচ্ছে। শিক্ষার্থীরা যাতে আনন্দের সঙ্গে লেখাপড়া করতে পারেন, সেই উদ্দেশ্যেই এ ধরনের উদ্যোগ। পর্যায়ক্রমে অন্য ক্লাসেও এই বই দেওয়া হবে। তারেক রহমান বলেন, বর্তমানে আমরা এমন একটি সময়ে বিশ্ব শিক্ষক দিবস পালন করছি, যখন শিক্ষা ব্যবস্থার সামনে একদিকে রয়েছে বিপুল সম্ভাবনা, অন্যদিকে রয়েছে বড় বড় চ্যালেঞ্জ। আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স জ্ঞান অর্জনের সুযোগকে অবারিত করেছে। সার্টিফিকেট নির্ভর জ্ঞানের পরিবর্তে বর্তমানে কারিগরি এবং ব্যাবহারিক জ্ঞান অপরিহার্য হয়ে উঠেছে। তথ্য প্রযুক্তির দ্রুত অগ্রগতি শিক্ষক-শিক্ষিকাদের সামনেও এটি একটি চ্যালেঞ্জ হয়ে দেখা দিয়েছে। সুতরাং, সময়ের চ্যালেঞ্জ মোকাবেলায় টিচার্স ট্রেনিং কলেজগুলোর আরও আধুনিকায়নও জরুরি হয়ে পড়েছে। তারেক রহমান বলেন, দেশে এমন একটি শিক্ষা ব্যবস্থা গড়ে তুলতে চাই, যেখানে কোনো শিশু শিক্ষা বঞ্চিত থাকবেনা। শিক্ষাজীবনের যেকোনো পর্যায় থেকে কেউ কোনো কারণে ড্রপ আউট হলেও যেন কাউকে বেকার থাকতে না হয়, সেটি নিশ্চিত থাকা জরুরি। আপনারা দেখেছেন, শিক্ষা খাত বর্তমান সরকারের সামনে সবচেয়ে বড় অগ্রাধিকার। দেশের ইতিহাসে এবারেই প্রথমবারের মতো জাতীয় বাজেটে শিক্ষা খাতে সর্বোচ্চ বাজেট বরাদ্দ দেওয়া হয়েছে। পর্যায়ক্রমে বাজেট আরো বাড়বে। বর্তমানে বাংলাদেশের শিক্ষাব্যবস্থার ব্যাপ্তি অনেক বড়।

শিক্ষক দিবস উপলক্ষ্যে

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সরকারি ব্রজমোহন কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ অধ্যাপক কাজী জাবের আহমেদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ব শিক্ষক দিবস উদযাপন কমিটি-২০২৬-এর আহ্বায়ক অধ্যাপক মো. মফিজুর রহমান। এ সময় কলেজের বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। আলোচনা সভায় বক্তারা বলেন, শিক্ষক শুধু শ্রেণিকক্ষে পাঠদানের মধ্যেই সীমাবদ্ধ নন। একজন শিক্ষার্থীর মেধা ও মননের বিকাশ, নৈতিক মূল্যবোধ সৃষ্টি এবং ভবিষ্যৎ জীবনের সঠিক পথনির্দেশনায় শিক্ষকের ভূমিকা গুরুত্বপূর্ণ। একই সঙ্গে একটি শিক্ষিত, মানবিক ও দায়িত্বশীল প্রজন্ম গড়ে তোলার মধ্য দিয়ে দেশ ও সমাজের অগ্রগতিতে শিক্ষকরা গুরুত্বপূর্ণ অবদান রাখেন। প্রধান অতিথির বক্তব্যে ভারপ্রাপ্ত অধ্যক্ষ অধ্যাপক কাজী জাবের আহমেদ বলেন," শিক্ষকতা পরম মহৎ পেশা, একে কেবল আয়ের উৎস বা অনৈতিক সুবিধা নেওয়ার মাধ্যম বানানো অনুচিত। অনৈতিক কর্মকাণ্ডের বিরুদ্ধে আমার অবস্থান কঠোর। শিক্ষকদের সর্বদা দায়িত্বশীল ও শিক্ষার্থী বান্ধব হতে হবে।" সভাপতির বক্তব্যে প্রফেসর মোঃ মফিজুর রহমান বলেন, "শিক্ষার পরিবেশ ও শিক্ষকের মর্যাদা অক্ষুণ্ন রাখতে এমন সুশৃঙ্খল আয়োজন অব্যাহত রাখা প্রয়োজন। তবে সম্মান জোর করে আদায় করা যায় না; নিজস্ব আদর্শ, নিষ্ঠা ও ব্যক্তিত্ব দিয়েই শিক্ষককে তাঁর মর্যাদা ধরে রাখতে হবে।" সভায় শিক্ষক-শিক্ষার্থীর পারস্পরিক শ্রদ্ধাবোধ, শিক্ষার মানোন্নয়ন এবং শিক্ষকদের মর্যাদা ও অধিকারসহ শিক্ষা-সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়েও আলোচনা করা হয়।

রাজাপুরে সিঁধ কেটে

৩টার দিকে উপজেলার সাতুরিয়া এলাকায় এ ঘটনা ঘটে। খবর পেয়ে সোমবার সকালে ঘটনাস্থল পরিদর্শন করেছে রাজাপুর থানা পুলিশ। অচেতন অবস্থায় উদ্ধার হওয়া পরিবারের সদস্যরা হলেন মো. মুনসুর সিকদার (৪৫), তার স্ত্রী পারভিন (৪০), মেয়ে ময়না আক্তার (২৭), ছেলে মো. ইয়াসিন (১৮), মুসা (১২) ও মো. ইসা (৯)। হাসপাতালে চিকিৎসাধীন ময়না আক্তার জানান, রোববার রাত সাড়ে ১২টার দিকে খাবার খেয়ে পরিবারের সবাই ঘুমিয়ে পড়েন। রাত সাড়ে ৩টার দিকে ঘুমের মধ্যে তিনি টের পান, কেউ তার কানের দুল খুলে নেওয়ার চেষ্টা করছে। এ সময় চিৎকার দিলে ওই ব্যক্তি ঘরের পেছনের দরজা দিয়ে পালিয়ে যায়। পরে পরিবারের অন্য সদস্যদের ডাকাডাকি করলেও কেউ সাড়া দেননি। তিনি ঘরের প্রধান দরজা খুলে চিৎকার করলে প্রতিবেশীরা ছুটে আসেন। এ সময় ঘরের পেছনে সিঁধ কাটা এবং ভেতরের মালামাল এলোমেলো অবস্থায় দেখতে পান তারা। পরিবারের সদস্যদের ধারণা, সিঁধ কেটে ঘরে প্রবেশের পর চোর কোনো ধরনের চেতনানাশক পদার্থ ব্যবহার করায় তারা অচেতন হয়ে পড়েছেন। তবে চেতনানাশক ব্যবহারের বিষয়টি এখনো নিশ্চিত হওয়া যায়নি। সোমবার সকাল সাড়ে ৯টার দিকে পরিবারের ছয় সদস্যকে রাজাপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে নেওয়া হয়। পরে কর্তব্যরত চিকিৎসক তাদের হাসপাতালে ভর্তি রেখে চিকিৎসা ও পর্যবেক্ষণে রাখেন। পরিবারের সদস্যরা চিকিৎসাধীন থাকায় তাৎক্ষণিকভাবে চুরি যাওয়া মালামাল ও ক্ষয়ক্ষতির পরিমাণ জানা যায়নি। রাজাপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আরএমও ডা. মেহজাবিন ফারহানা নিশা বলেন, অচেতন সবাইকে ভর্তি রেখে চিকিৎসা ও পর্যবেক্ষণে রাখা হয়েছে। ২৪ ঘণ্টা না গেলে তাদের শারীরিক অবস্থা সম্পর্কে নিশ্চিতভাবে কিছু বলা যাচ্ছে না। রাজাপুর থানার অফিসার ইনচার্জ (ওসি) সুজন বিশ্বাস বলেন, এ ঘটনায় এখন পর্যন্ত কোনো লিখিত অভিযোগ পাওয়া যায়নি। তবে ঘটনার সঙ্গে জড়িতদের খুঁজে বের করতে পুলিশ চেষ্টা চালাচ্ছে।

তিন পা-ওয়ালা কুকুরের

আমন্ত্রিত কথিত শ্রেষ্ঠ শিক্ষক বসবেন দ্বিতীয়, তৃতীয় বা কোনো এক জায়গায় প্লাস্টিকের চেয়ারে।
উপজেলা থেকে শুরু করে উর্ধ্বতন পর্যায়ের যে কোনো প্রশাসনিক কর্মকর্তাকে (তথা কথিত, ঔপনিবেশিক তকমা) আমরা শিক্ষকগণ স্যার বলতে বলতে হয়রান হয়ে পড়ি। হয়তো কোনো শিক্ষকের ছাত্রেরও ছাত্রতুল্য কোনো একজন উপজেলায় যোগ দিলেন– সহকারী কমিশনার ভূমি হিসেবে। তিনি একটি গাড়ি ব্যবহার করে ঢুকে যাবেন পরীক্ষার কেন্দ্রে বা অন্য কোনো দায়িত্ব পালনের জন্য শিক্ষা প্রতিষ্ঠানে, শিক্ষকদের তিনি বিভিন্ন বিশেষণে, ভাববাচ্যে ডাকবেন, এমনকি প্রধান শিক্ষক বা অধ্যক্ষকেও স্যার বলবেন না, উল্টো প্রধানরাই তাদের স্যার বলতে অজ্ঞান হয়ে যাবেন। আর শিক্ষকদের কথা তো বলাই বাহুল্য।

উপজেলা শিক্ষা অফিসার, মাধ্যমিক কিংবা প্রাথমিক তারা তো শিক্ষকদের রাখেন বলতে গেলে লাঠির আগায়। শুধু তারাই কেন অ্যাকাডেমিক সুপারভাইজার ও এটিওরাও তো শিক্ষকদের বিগ বস। আর ইউএনও তিনি তো মহারাজ।

এই নিয়েই তো আমরা বেশ আছি। আমরা শিক্ষকসমাজ– উপজেলা, জেলা বা উর্ধ্বতন প্রশাসনিক কর্মকর্তাদের অধীন প্রজাতন্ত্রের কর্মচারী আর ওনারা আমাদের স্যার। এমন বৈষম্য আর অবহেলার উদাহরণ, শত নয়, হাজারো আছে। তবুও আমরা শিক্ষক; এই ব্যর্থতার দায় বোধ হয় আমাদেরই, কারণ আমরাই এমন শিক্ষার্থীদের সঠিক শিক্ষা না দিয়ে এদেরকে কেবলই কর্মকর্তা বানিয়েছি, আর আমরা রয়ে গেছি সেই লাট সাহেবের তিন পা ওয়ালা কুকুরের এক পায়ের সমান পণ্ডিত হয়ে।

পথিক মোস্তফা, শিক্ষক

আগৈলঝাড়ায় ইয়াবাসহ

গ্রেপ্তারকৃত ব্যক্তিরা হলেন আগৈলঝাড়ার উত্তর শিহিপাশা গ্রামের রহমান মারামত (৩৫), মধ্য শিহিপাশা গ্রামের মিঠুন আকন (২৫) এবং মাদারীপুরের ডাসার উপজেলার দক্ষিণ চলবল এলাকার লিঙ্কন জয়ধর (২৫)। আগৈলঝাড়া থানার ওসি মোহাম্মাদ মাসুদ খান জানান, এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা করা হয়েছে। গ্রেপ্তারদের আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে। মাদকবিরোধী অভিযান অব্যাহত থাকবে।

আড়াই মাসের ব্যবধানে ইউপি

সদস্যরা রোববার রাতে বরিশাল শহরের বাসায় ছিলেন। এ সুযোগে চোরেরা বসতঘরের দরজার তালা ভেঙে ভেতরে প্রবেশ করে। পরে ঘরে থাকা পানির মোটর, এলইডি টেলিভিশনসহ মূল্যবান মালামাল নিয়ে যায়। ইউপি সদস্যা আরও জানান, সোমবার (৫ অক্টোবর) সকালে প্রতিবেশীরা ঘরের দরজা খোলা দেখতে পেয়ে তাকে খবর দেন। পরে বাড়িতে গিয়ে চুরির বিষয়টি নিশ্চিত হন হেলেনা আক্তার। বিষয়টি থানা পুলিশকে জানানো হয়েছে। এর আগে গত ১৪ জুলাই রাতেও হেলেনা আক্তারের বাড়িতে চুরি হয়। ওই সময় চোরেরা বাড়ির গেট ও ঘরের দরজা ভেঙে ভেতরে প্রবেশ করে। পরে আলমিরা ভেঙে নগদ ৪০ হাজার টাকা, আড়াই ভরি স্বর্ণালংকার, একটি মোবাইল ফোনসহ অন্যান্য মূল্যবান মালামাল নিয়ে যায়। গৌরনদী মডেল থানার এসআই সাইফুল ইসলাম বলেন, 'খবর পেয়ে ঘটনাস্থল পরিদর্শন করা হয়েছে। এ ঘটনায় ইউপি সদস্যকে থানায় লিখিত অভিযোগ দিতে বলা হয়েছে। অভিযোগ পেলে তদন্ত করে ঘটনায় জড়িতদের শনাক্ত করে আইনের আওতায় আনা হবে।'

ভাণ্ডারিয়ায় বিশ্ব শিক্ষক

হাসানের সভাপতিত্বে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো. জাহাঙ্গীর হোসেন, ভাণ্ডারিয়া থানার ওসি তদন্ত রত্নেশ্বর কুমার মণ্ডল, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মো. মনির হোসেন আকন, উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আবুল কালাম আজাদ মলাদ জোমাদ্দার, বিশিষ্ট সমাজসেবক মো.জুলফিকার আলী হায়দার হাওলাদার, পৌর বিএনপির আহ্বায়ক আব্দুল মান্নান হাওলাদার, অধ্যক্ষ আব্দুল্লাহ মাহমুদ তালুকদার, মো. আব্দুর রহিম, মোফাজ্জল হোসাইন, খান মো. ইলিয়াস হোসাইন, প্রধান শিক্ষক মো. মনিরুজ্জামান, প্রধান শিক্ষক মিতুল চন্দ্র বেপারী, ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক মনির হোসেন, প্রধান শিক্ষক সৈয়দ হাবিবুর রহমান রাজা প্রমূখ। আলোচনা সভা শেষে একটি বর্ণাঢ্য র‌্যালি বের করে শহরের গুরুত্বপূর্ণ সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ চত্বরে এসে সমাপ্ত হয়। এতে স্কুল,মাদ্রাসাসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষিকাগণ অংশনেন।

বরিশালে সবজির বাজার চড়া

হচ্ছে। শীতকালীন সিম বিক্রি হচ্ছে ১২০ টাকা কেজি দরে। এসব সবজি খুচরা বাজারে পাইকারির চেয়ে ২০ থেকে ৬০ টাকা বেশি দামে বিক্রি হতে দেখা গেছে। ফলে প্রয়োজনীয় সবজি কিনতে গিয়ে বাড়তি টাকা গুনতে হচ্ছে ক্রেতাদের। নগরীর বাংলাবাজারের ক্রেতা রাসেল বলেন, কিছুদিন আগেও সবজির দাম নাগালের মধ্যে ছিল। এখন আবার তেলের দোহাই দিয়ে সব ধরনের সবজির দাম বেড়েছে। গত সপ্তাহে কাঁচামরিচ ছিল ৮০ টাকা, এখন ১২০ টাকা কেজি কিনেছি। বাজার মনিটরিং না থাকার কারণে এমন দাম বৃদ্ধি পাচ্ছে। আরেক ক্রেতা শাহিন বলেন, কয়েক দিন আগেও সব ধরনের সবজির দাম ৫০ থেকে ৭০ টাকার মধ্যে ছিল। এখন কোনো সবজি ১০০ টাকার নিচে নেই। আস্তে আস্তে নিত্যপ্রয়োজনীয় দ্রব্য সাধারণ মানুষের নাগালের বাইরে চলে যাচ্ছে। ব্যবসায়ীদের দাবি, হঠাৎ জ্বালানি তেলের দাম বৃদ্ধি ও সরবরাহ কমে যাওয়ায় সবজির দামে প্রভাব পড়েছে। বহুমুখী সিটি মার্কেটের পাইকারি সবজি ব্যবসায়ী আলাউদ্দিন বলেন, কিছুদিন বৃষ্টির কারণে বীজতলা তলিয়ে যাওয়ায় সবজির ব্যাপক ক্ষতি হয়েছে। এখন আবার তেলের মূল্যবৃদ্ধির কারণে সবজির দামে প্রভাব পড়েছে। এদিকে একই চিত্র নগরীর পোর্ট রোডের পাইকারি মাছের বাজারেও। নদীর মাছের সরবরাহ কম থাকায় চাষের মাছের চাহিদা ও দাম দুটোই বেড়েছে। সপ্তাহ ব্যবধানে আকার ও প্রকারভেদে বিভিন্ন মাছের দাম কেজিতে ৫০ থেকে ৮০ টাকা পর্যন্ত বেড়েছে। দেলোয়ার নামে এক ক্রেতা বলেন, এক কেজি চিংড়ি মাছ ৫৫০ থেকে ৬০০ টাকায় কিনেছি। এখন সেই চিংড়ি মাছ ১ হাজার ৩০০ টাকা পর্যন্ত বিক্রি হচ্ছে। একইভাবে অন্যান্য মাছের দামও বেড়েছে। ফলে চাহিদা অনুযায়ী পছন্দের মাছ কিনতে পারছি না। আরেক ক্রেতা সবুজ বলেন, এখন সাধারণ মানুষের পক্ষে ভালো কোনো জাতের মাছ কেনা সম্ভব নয়। আর ইলিশ তো এখন স্বপ্ন। আগে এক হাজার টাকা নিয়ে বাজারে এলে মাছ-সবজি দুটোই কেনা যেত। এখন এক হাজার টাকায় এক ধরনের মাছই কিনতে পারা যায়। তাই সাধ্যের মধ্যে দুই কেজি পাঙ্গাশ মাছ কিনেছি। এদিকে দীর্ঘদিন ধরে প্রতি কেজি ব্রয়লার মুরগি ১৮০, লেয়ার ৩৫০ ও সোনালি মুরগি ২৯০ টাকায় বিক্রি হচ্ছে। অপরিবর্তিত রয়েছে গরু ও খাসির মাংসের দামও।

বিদ্যুৎ সরবরাহ নিয়ে কর্মকর্তা

আনেন বলে জানিয়েছেন ওসি মাজাহারুল ইসলাম। এছাড়া পরিস্থিতি নিয়ন্ত্রণে পুলিশি টহল অব্যাহত রয়েছে বলেও জানান তিনি। এদিকে চার বিদ্যুৎ গ্রাহককে মারধরের অভিযোগে বিচার দাবিতে বিক্ষোভ-মিছিল করেন হাজিরহাট বাজার ব্যবসায়ী ও বিদ্যুৎ গ্রাহকরা। পরে তারা ইউএনও কার্যালয়ে গিয়ে স্মারকলিপি দেন। অপরদিকে বিদ্যুৎ অফিসে হামলা ও উপ-সহকারী প্রকৌশলীকে মারধরের অভিযোগে থানায় মামলা করা হয়েছে বলে জানান আবাসিক বিদ্যুৎ কর্মকর্তা মো. ফরিদুল ইসলাম। জানা গেছে, মনপুরায় বিদ্যুৎ গ্রাহকরা রাতে মাত্র দুই ঘণ্টা বিদ্যুৎ পান। এ নিয়ে দীর্ঘদিন ধরে গ্রাহকদের মধ্যে চরম ক্ষোভ বিরাজ করছে। সোমবার বেলা ১১টার দিকে বিদ্যুৎ বিতরণ ও সমস্যা নিয়ে গ্রাহকরা অভিযোগ নিয়ে বিদ্যুৎ অফিসে যান। পরে কথা-কাটাকাটির একপর্যায়ে হামলা ও মারধরের ঘটনা ঘটে। এতে উপ-সহকারী প্রকৌশলী ও চার বিদ্যুৎ গ্রাহক আহত হয়। পরে পুলিশ গিয়ে পরিস্থিতি শান্ত করে। পরে ব্যবসায়ী ও গ্রাহকরা তাদের ওপর হামলা ও মারধরের ঘটনায় বিচারের দাবিতে বিক্ষোভ-মিছিল করে ইউএনও কার্যালয়ে স্মারকলিপি দেন। অপরদিকে বিদ্যুৎ অফিসে হামলা ও উপ-সহকারী প্রকৌশলীকে মারধরের ঘটনায় থানায় মামলা করা হয়। এই ব্যাপারে আহত বিদ্যুৎ গ্রাহক শরিফ, আক্তার, সোহাগ ও নিরব জানান, রাতে ৮ ঘণ্টা বিদ্যুৎ দেওয়ার নিয়ম থাকলেও মাত্র এক থেকে দেড় ঘণ্টা বিদ্যুৎ পাই। তাছাড়া একটু বেশি সময় বিদ্যুৎ বিতরণের জন্য এক্সট্রা টাকা চায় উপ-সহকারী প্রকৌশলী মনির। টাকা না দিলে লাইন কেটে দেয়। এই সমস্ত অভিযোগ নিয়ে বিদ্যুৎ অফিসে গেলে উপ-সহকারী প্রকৌশলী মনির ক্ষেপে মারধর করে জামা-কাপড় ছিঁড়ে ফেলে। তারা এই ঘটনার সুষ্ঠু তদন্ত করে উপ-সহকারী প্রকৌশলী মনিরের বিচার দাবি করেন। এই ব্যাপারে বিদ্যুৎ অফিসের (ওজোপাডিকো) দায়িত্বরত উপ-সহকারী প্রকৌশলী মো. মনিরুজ্জামান মনির জানান, যান্ত্রিক ত্রুটির কারণে বিদ্যুৎ সরবরাহ বিঘ্নিত হচ্ছে। গ্রাহকরা কোনো কথা না শুনে আমার ওপর হামলা করে মারধর করে। থানায় মামলা করেছি। বিদ্যুৎ সরবরাহের জন্য এক্সট্রা টাকার বিষয়টি তিনি অস্বীকার করেন। মনপুরা থানার ওসি মাজাহারুল ইসলাম জানান, খবরে পেয়ে পুলিশ বিদ্যুৎ অফিসে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণ করে। বিদ্যুৎ অফিসে হামলা ও বিদ্যুৎ কর্মকর্তাকে মারধরের ঘটনায় থানায় মামলা হয়েছে। মনপুরা উপজেলা নির্বাহী কর্মকর্তার (ইউএনও) দায়িত্বে থাকা তজুমুদ্দিন উপজেলার সহকারী কমিশনার তড়িৎ চন্দ্র শীল জানান, বিদ্যুৎ বিভ্রাট নিয়ে ব্যবসায়ীরা স্মারকলিপি দিয়েছে। বিষয়টি সমাধানের চেষ্টা করা হবে।

বাউফলে মন্দিরে দুর্গাপূজার চাল

শান্তিপূর্ণ ও সুষ্ঠুভাবে উদযাপনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়। পূজামণ্ডপগুলোর নিরাপত্তা, আইনশৃঙ্খলা পরিস্থিতি এবং সংশ্লিষ্টদের করণীয় নিয়েও আলোচনা করেন বক্তারা। অনুষ্ঠানে প্রশাসনের পক্ষ থেকে পূজা উদযাপনকে কেন্দ্র করে সংশ্লিষ্টদের সহযোগিতা ও সমন্বয়ের ওপর গুরুত্ব দেওয়া হয়।

বরিশালে শেষ মুহূর্তেও দেখা

মোহাম্মদ শাকিল আহমেদ জানান, সাগরে এবার মাছ কম। তিনি বলেন, গত বছর জুলাই থেকে অক্টোবর পর্যন্ত সাগরে ৩৩ হাজার ৯৩৪ মেট্রিক টন ইলিশ পাওয়া গিয়েছিল। এ বছর তা কমে ২৪ হাজার ৭৯ মেট্রিক টনে নেমেছে। মাছের সরবরাহ কমায় দাম বেড়েছে বলে জানিয়েছেন ব্যবসায়ীরা। বরিশালের পোর্ট রোড পাইকারি বাজারের মৎস্য ব্যবসায়ী জহিরুল ইসলাম বলেন, বাজারে প্রায় ২০০ মণ ইলিশ উঠেছে, যা গত সাত দিনের তুলনায় কম। জহিরুল ইসলাম জানান, ১ কেজি ওজনের ইলিশ বিক্রি হচ্ছে ২ হাজার ৭৬০ টাকায়। এ ছাড়া ৭০০-৯০০ গ্রামের ইলিশ প্রতি কেজি ২ হাজার ৫৬০ টাকা, ৫০০-৬০০ গ্রামের ইলিশ ২ হাজার ১৩০ টাকা এবং ৪০০ গ্রামের ইলিশ ১ হাজার ৫৬০ টাকায় বিক্রি হচ্ছে। এক সপ্তাহের তুলনায় এই দাম কেজিতে ২৫০-৩০০ টাকা বেশি। নিষেধাজ্ঞার আগে শেষ মুহূর্তে কাঙ্ক্ষিত মাত্রায় ইলিশ না পাওয়ায় হতাশ বরিশাল বিভাগের জেলেরা। বরিশাল বিভাগীয় ক্ষুদ্র মৎস্যজীবী সমিতির সভাপতি ইসরাইল পণ্ডিত বলেন, 'মাছ বেচে ধারদেনা শোধের আশায় ছিলেন জেলেরা। ইলিশ না পাওয়ায় দেনা আরও বাড়বে।' তিনি নিষেধাজ্ঞার সময় জেলেদের পরিবারপ্রতি ১০০ কেজি করে চাল বরাদ্দের দাবি জানান। বিভাগীয় মৎস্য অফিস জানিয়েছে, নিষেধাজ্ঞার সময় বরিশাল বিভাগের ৩ লাখ ৫৮ হাজার ৫১৬ জন জেলেকে ২৫ কেজি করে মোট ৮ হাজার ৯৬২ মেট্রিক টন চাল দেওয়া হবে। এ ছাড়া সারা দেশে সহায়তা পাবেন ৬ লাখ ৪৬ হাজার ২৯০ জন জেলে।

এশিয়ার জন্য তেলের দামে

পর্যায়ে নামিয়েছে। সোমবার (৫ অক্টোবর) প্রকাশিত সৌদি আরামকোর মূল্য নির্ধারণের নথি থেকে এ তথ্য জানা গেছে। নভেম্বরে এশিয়ার জন্য সৌদি আরবের আরব লাইট অপরিশোধিত তেলের সরকারি বিক্রয়মূল্য নির্ধারণ করা হয়েছে ওমান ও দুবাইয়ের গড় দামের চেয়ে প্রতি ব্যারেলে পাঁচ মার্কিন ডলার কম। অক্টোবরে এই ছাড় ছিল দুই ডলার। অর্থাৎ এক মাসের ব্যবধানে ছাড় বেড়েছে তিন ডলার। রয়টার্সের তথ্য অনুযায়ী, এশিয়ার জন্য ২০২০ সালের জুনের পর থেকে এটি সৌদি তেলের সবচেয়ে বড় ছাড়। এশিয়ার জন্য সৌদি আরবের তেলের দাম বাড়তে পারে বলে আগে ধারণা করা হয়েছিল। রয়টার্সের এক জরিপে বিশ্লেষকরা নভেম্বরের সরকারি বিক্রয়মূল্য প্রতি ব্যারেলে সর্বোচ্চ পাঁচ ডলার বাড়তে পারে বলে পূর্বাভাস দিয়েছিলেন। মধ্যপ্রাচ্যের অন্যান্য বেঞ্চমার্ক তেলের দাম বাড়ায় এমন প্রত্যাশা তৈরি হয়েছিল। কিন্তু সেই ধারণার বিপরীতে এশিয়ার বাজারে দাম কমিয়েছে সৌদি আরামকো। শুধু আরব লাইট নয়, ভারী ধরনের আরব মিডিয়াম ও আরব হেভি তেলের দামও এশিয়ার ক্রেতাদের জন্য প্রতি ব্যারেলে পাঁচ ডলার কমিয়েছে কোম্পানিটি। এশিয়ার কয়েকটি শোধনাগারের সূত্র বলছে, তেলের পরিবহন ব্যয় বেড়ে যাওয়ায় ক্রেতাদের কিছুটা স্বস্তি দিতে এই ছাড় দেওয়া হয়েছে। মধ্যপ্রাচ্যে সাম্প্রতিক সংঘাতের কারণে তেল পরিবহনের খরচ অনেক বেড়েছে। চীনের উদ্দেশে উপসাগরীয় অঞ্চল থেকে ২০ লাখ ব্যারেল তেল পরিবহন করতে পারে–এমন বিশাল অপরিশোধিত তেলবাহী জাহাজের ভাড়া শুক্রবার দৈনিক ১২ লাখ ডলারে উঠেছিল। এক বছর আগে একই ধরনের জাহাজের দৈনিক ভাড়া ছিল প্রায় ৮০ হাজার ডলার। অর্থাৎ এক বছরে জাহাজ ভাড়ার খরচ কয়েকগুণ বেড়েছে। এ অবস্থায় তেলের দামে ছাড় দিয়ে ক্রেতাদের বাড়তি পরিবহন ব্যয়ের চাপ কিছুটা কমাতে চাইছে সৌদি আরামকো। এশিয়ার ক্রেতাদের জন্য তেলের দাম কমালেও উত্তর-পশ্চিম ইউরোপের ক্রেতাদের জন্য দাম বাড়িয়েছে সৌদি আরামকো। নভেম্বরে উত্তর-পশ্চিম ইউরোপের বাজারে সব ধরনের অপরিশোধিত তেলের সরকারি বিক্রয়মূল্য প্রতি ব্যারেলে তিন ডলার বাড়ানো হয়েছে। অন্যদিকে যুক্তরাষ্ট্রের ক্রেতাদের জন্য তেলের দাম অপরিবর্তিত রাখা হয়েছে।

রাশিয়ায় 'রহস্যময়' ভাইরাসে গবেষকের

পারে বলে ধারণা করা হচ্ছে। ঘটনাটি নিয়ে সম্ভাব্য প্লেগ সংক্রমণের বিষয়েও তদন্ত শুরু হয়েছে। মার্কিন সংবাদমাধ্যম সিএনএনের প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। রাশিয়ার ভোক্তা অধিকার ও মানবকল্যাণ তদারকি সংস্থা রসপোট্রেবনাদজোর জানিয়েছে, ওই গবেষকের অজ্ঞাত কারণে নিউমোনিয়া হয়েছিল। পরে তার মৃত্যু হয়। ল্যাবের সঙ্গে সংশ্লিষ্ট এক ব্যক্তির তথ্যের ভিত্তিতে সংস্থাটি জানিয়েছে, রোগটির কারণ তখনও শনাক্ত করা যায়নি। তবে এখন পর্যন্ত কোনো কর্তৃপক্ষ আনুষ্ঠানিকভাবে নিশ্চিত করেনি যে ওই ব্যক্তি প্লেগে আক্রান্ত ছিলেন। ঘটনার পর শেলেখভ ও আশপাশের এলাকায় সতর্কতামূলক ব্যবস্থা নেওয়া হয়েছে। স্থানীয় কয়েকটি মাতৃসদনকে কোয়ারেন্টিনে রাখা হয়েছে। একই সঙ্গে কাছাকাছি একটি অ্যালুমিনিয়াম কারখানা এবং সংশ্লিষ্ট গবেষণাগারের কর্মীদের মাস্ক পরার পরামর্শ দেওয়া হয়েছে। স্থানীয় একটি স্বাধীন সংবাদমাধ্যমের প্রতিবেদনে বলা হয়েছে, ওই গবেষক যে হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন, সেখানে প্রায় ২০০ জনকে পর্যবেক্ষণে রাখা হয়েছে। পাশের বুরিয়াতিয়া প্রজাতন্ত্রের প্রধান জানিয়েছেন, এর আগে ২৮ বছর বয়সী এক কর্মীর মৃত্যু হয়েছিল। তার মৃত্যুর কারণ প্লেগ হতে পারে বলে আশঙ্কা করা হয়েছিল। এরপর আঞ্চলিক অ্যান্টি-এপিডেমিক কমিশনের জরুরি বৈঠক ডাকা হয়। তবে ইরকুতস্ক ও শেলেখভের বর্তমান পরিস্থিতি স্থিতিশীল বলে জানিয়েছে রসপোট্রেবনাদজোর। কর্তৃপক্ষ আরও বলেছে, সেখানে প্লেগের কোনো প্রাদুর্ভাবের প্রমাণ এখন পর্যন্ত পাওয়া যায়নি। ইরকুতস্ক অ্যালুমিনিয়াম প্ল্যান্টের পরিচালক আর্তেম ফোমিনিখ জানিয়েছেন, মৃত ব্যক্তির সংস্পর্শে আসা ব্যক্তিদের শনাক্ত করে পরীক্ষা করা হচ্ছে। এখন পর্যন্ত তাদের কারও মধ্যে রোগটির কোনো লক্ষণ পাওয়া যায়নি। পরীক্ষাগারের ফলও নেতিবাচক এসেছে বলে জানিয়েছেন তিনি। রাশিয়ার সাবেক রসপোট্রেবনাদজোর প্রধান গেনাদি ওনিশচেঙ্কোও বলেছেন, প্লেগের প্রাদুর্ভাবের আশঙ্কা কম। তার মতে, প্লেগের বিষয়টি নিশ্চিত হলেও রোগটি ব্যাপকভাবে ছড়িয়ে পড়ার আশঙ্কা নেই।

সারাদেশে বিক্ষিপ্তভাবে বৃষ্টি

অপরিবর্তিত থাকতে পারে। মঙ্গলবার (৬ অক্টোবর) সন্ধ্যা ৬টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় রাজশাহী, রংপুর, ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু-এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। এ ছাড়া দেশের অন্যান্য এলাকায় অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে। এদিন সারাদেশে দিন ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে। গত ২৪ ঘণ্টায় তেঁতুলিয়ায় সর্বোচ্চ বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে, ৩৫ মিলিমিটার। একই সময়ে খুলনায় সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন তাপমাত্রা তেঁতুলিয়ায় ২০ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয়েছে।

কলেজছাত্রকে তুলে নিয়ে

রোববার (৪ অক্টোবর) রাতের কোনো একসময় বসাক বাজার এলাকা থেকে তাকে তুলে নিয়ে যান সাকিব ও সিয়াম। পরে তাকে আটকে রেখে বিভিন্নভাবে নির্যাতন করা হয়। এসময় তার ব্যবহৃত স্যামসাং এস২৫ আল্ট্রা মোবাইল ফোনও রেখে দেওয়া হয় বলে অভিযোগ করেন তিনি। পরে বন্ধুর কাছ থেকে এক লাখ টাকা আদায়ের পর মনিরকে ছেড়ে দেওয়া হয় বলে অভিযোগ করেছেন ভুক্তভোগী। মুক্তির পর আহত অবস্থায় তাকে পটুয়াখালী সদর হাসপাতালে নেওয়া হয়। মনির বলেন, ছাত্রদল নেতা সাকিব ও সিয়াম রাত্রবেলা বসাক বাজার এলাকা থেকে ধরে নিয়ে যায় এবং অনেক মারধর করে এরপরে এক বন্ধুর মাধ্যমে এক লক্ষ টাকা এবং মোবাইল ফোন রেখে তারপর ছেড়ে দেয়। পটুয়াখালী জরুরি বিভাগের দায়িত্বে থাকা চিকিৎসক তামান্না রহমান জানান, মনিরের শরীরের বিভিন্ন স্থানে গুরুতর আঘাতের চিহ্ন রয়েছে। তাকে পরীক্ষা-নিরীক্ষা করা হচ্ছে। রিপোর্ট পাওয়ার পর বিস্তারিত বলা যাবে। এ বিষয়ে পটুয়াখালী সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মনিরুজ্জামান বলেন, বিষয়টি শোনার সঙ্গে সঙ্গে পুলিশকে ঘটনাস্থল ও হাসপাতালে পাঠানো হয়েছে। তবে তাৎক্ষণিকভাবে অভিযুক্ত ছাত্রদল নেতা সাকিব ও কর্মী সিয়ামের বক্তব্য পাওয়া যায়নি।

রাজাপুরে দুর্গোৎসব উপলক্ষ্যে

সকল মন্দিরের সভাপতি ও সাধারণ সম্পাদকবৃন্দ। এ বছরে রাজাপুর উপজেলা মোট ১৯টি মন্দিরে শারদীয় দুর্গোৎসব অনুষ্ঠিত হবে।বিভিন্ন মন্দিরের সভাপতি সাধারণ সম্পাদক জানান যে আমাদের দুর্গোৎসবের সুন্দরভাবে এগিয়ে চলছে প্রত্যেক মন্দিরে সিসি ক্যামেরার লাগানো হয়েছে এবং আইন শৃঙ্খলা স্বাভাবিক আছে। অফিসার ইনচার্জ তার বক্তব্যে বলেন শারদীয় দুর্গোৎসব সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে উদযাপনের জন্য রাজাপুর থানা পুলিশ আপনাদের সার্বক্ষণিক নিরাপত্তা দেওয়ার জন্য প্রস্তুত আছে আপনারা যে কোনো প্রয়োজনে ওসির ফোন নাম্বার ২৪ ঘন্টায় খোলা থাকে তাৎক্ষণিক যোগাযোগ করবেন আমরা ব্যবস্থা নেব।

ঝালকাঠিতে চলতি বছরে

রোগী চিকিৎসাধীন। রাজাপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এ পর্যন্ত ৩৯০ জন ডেঙ্গু রোগী ভর্তি হয়েছেন। তাদের মধ্যে ৩৭৭ জন সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন। বর্তমানে সেখানে ১৩ জন চিকিৎসাধীন। কাঠালিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এ পর্যন্ত ১৬৩ জন ডেঙ্গু রোগী ভর্তি হয়েছেন। তাদের মধ্যে ১৫৮ জন ছাড়পত্র পেয়েছেন এবং বর্তমানে পাঁচজন চিকিৎসাধীন রয়েছেন। নলছিটি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি হয়েছেন ১৫৯ জন। তাদের মধ্যে ১৪৮ জন সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন এবং বর্তমানে ১১ জন চিকিৎসাধীন। সিভিল সার্জন কার্যালয়ের তথ্য অনুযায়ী, গত ২৪ ঘণ্টায় জেলার চারটি হাসপাতালে নতুন করে ১৭ জন ডেঙ্গু রোগী ভর্তি হয়েছেন। একই সময়ে ১৩ জন রোগী চিকিৎসা নিয়ে ছাড়পত্র পেয়েছেন। তবে এ সময়ে ডেঙ্গুতে নতুন করে কোনো মৃত্যুর ঘটনা ঘটেনি। স্বাস্থ্য বিভাগের দেওয়া তথ্য অনুযায়ী, বর্তমানে হাসপাতালে চিকিৎসাধীন ৪২ জন রোগীর মধ্যে ঝালকাঠি সদর হাসপাতালে ১৩ জন, রাজাপুরে ১৩ জন, নলছিটিতে ১১ জন এবং কাঠালিয়ায় পাঁচজন রয়েছেন। সিভিল সার্জন ডা. মো. হুমায়ুন কবির বলেন, ডেঙ্গু প্রতিরোধে সবাইকে সচেতন হতে হবে। বাড়ির আশপাশে পানি জমতে দেওয়া যাবে না এবং এডিস মশার প্রজননস্থল ধ্বংস করতে হবে। জ্বর বা ডেঙ্গুর উপসর্গ দেখা দিলে দ্রুত চিকিৎসকের পরামর্শ নিতে হবে।

সেতু রক্ষার পাইপ চুরি, ইউনিয়ন

চুরির কাজে ব্যবহৃত বিভিন্ন সরঞ্জামও উদ্ধার করা হয়। পিরোজপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. শরিফুল ইসলাম জানান, আটক ব্যক্তিদের মধ্যে হেমায়েত বেপারির চুরির ঘটনায় সম্পৃক্ততা আছে কি না, তা যাচাই-বাছাই করা হচ্ছে। তদন্ত শেষে সংশ্লিষ্টদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে। এদিকে, এ ঘটনায় পিরোজপুর জেলা বিএনপির আহ্বায়ক মো. নজরুল ইসলাম খান বলেন, বিষয়টি তদন্ত করে হেমায়েত বেপারির সম্পৃক্ততা পাওয়া গেলে তার বিরুদ্ধে সর্বোচ্চ সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে। পুলিশ জানিয়েছে, ঘটনার সঙ্গে আরও কেউ জড়িত রয়েছে কি না, তা খতিয়ে দেখা হবে।

তরুণীকে ধর্ষণের অভিযোগে

বাবা-মায়ের বিচ্ছেদের পর তিনি মায়ের সঙ্গে নানাবাড়িতে থাকতেন। পরে তার মা কামাল খলিফাকে বিয়ে করেন। এর পর থেকে মা, কামাল খলিফা ও ওই তরুণী একই বাড়িতে বসবাস করতেন। অভিযোগে বলা হয়, তরুণী প্রাপ্তবয়স্ক হওয়ার পর থেকেই কামাল খলিফা ভয়ভীতি দেখিয়ে তার সঙ্গে অনৈতিক আচরণ করতেন। গত ১ এপ্রিল সকালে তরুণীর মা ইউনিয়ন পরিষদে গেলে বাড়ি ফাঁকা থাকার সুযোগে কামাল খলিফা তাকে ধর্ষণ করেন। বিষয়টি প্রকাশ করলে ক্ষতি করার ভয় দেখানো হয়। এর পরও বিভিন্ন সময় একইভাবে তাকে ধর্ষণ করা হয় বলে এজাহারে উল্লেখ করা হয়। এজাহারে আরও বলা হয়, প্রায় তিন মাস আগে কামাল খলিফার আত্মীয় বেল্লাল হোসেন হাওলাদার একটি ঘটনার সময় মোবাইল ফোনে তরুণীর ভিডিও ধারণ করেন। পরে ওই ভিডিও ছড়িয়ে দেওয়ার ভয় দেখিয়ে গত ১ জুলাই সকালে তাকে ধর্ষণ করেন তিনি। এর পরও বিভিন্ন সময় ব্ল্যাকমেইল করে অনৈতিক সম্পর্কে বাধ্য করা হয়।পরে তরুণী তার মায়ের কাছে বিষয়টি জানান। এর পর মা-মেয়ে থানায় গিয়ে মামলা করেন। এ বিষয় ঝালকাঠি সদর থানার পরিদর্শক (তদন্ত) মেহেদী হাসান জানান, মামলার পর তথ্যপ্রযুক্তির সহায়তায় বরগুনা থেকে দুই অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়েছে। তাদের বিরুদ্ধে পরবর্তী আইনগত ব্যবস্থা প্রক্রিয়াধীন।

২২ অক্টোবরের ছুটি অনুমোদন মন্ত্রিসভায়, পূজায় টানা ৫ দিনের ছুটি

কীর্তনখোলা ডেস্ক

সনাতন ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় ধর্মীয় উৎসব দুর্গাপূজায় টানা পাঁচদিনের ছুটি পাচ্ছেন সরকারি কর্মকর্তা-কর্মচারীরা। পূজার ছুটি ও সাপ্তাহিক ছুটির মধ্যে ২২ অক্টোবর (বৃহস্পতিবার) অফিস খোলার দিনটিতেও ছুটি ঘোষণার প্রস্তাব অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। সোমবার (৫ অক্টোবর) সচিবালয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকে এই অনুমোদন দেওয়া হয়। বৈঠক শেষে একজন প্রতিমন্ত্রী নাম প্রকাশ না করার শর্তে এ তথ্য জানান। ২২ অক্টোবর ছুটি ঘোষণার প্রস্তাব অনুমোদন হওয়ায় সরকারি চাকরিজীবীরা ২০ থেকে ২৪ অক্টোবর পর্যন্ত টানা পাঁচদিন ছুটি ভোগ করবেন। সরকারি সিদ্ধান্ত অনুযায়ী চলতি বছর দুর্গাপূজায় দুদিনের ছুটি নির্ধারিত আছে। পূজার ছুটির পর একদিন অফিস খোলা থাকবে, এরপর আবার দুদিন সাপ্তাহিক ছুটি। ২০২৬ সালের সরকারি ছুটির তালিকা অনুযায়ী আগামী ২০ অক্টোবর (মঙ্গলবার) দুর্গাপূজার মহানবমী উপলক্ষে নির্বাহী আদেশের ছুটি থাকবে এবং ২১ অক্টোবর (বুধবার) বিজয়া দশমী উপলক্ষে সাধারণ ছুটি থাকবে। এরপর ২২ অক্টোবর (বৃহস্পতিবার) অফিস খোলা। পরের দুদিন শুক্র ও শনিবার (২৩ ও ২৪ অক্টোবর) সাপ্তাহিক ছুটি। মন্ত্রিসভার অনুমোদনের পর এখন ২২ অক্টোবর ছুটি ঘোষণা করে প্রজ্ঞাপন জারি করবে জনপ্রশাসন মন্ত্রণালয়।

ডেঙ্গুতে একদিনে ৯ জনের মৃত্যু

কীর্তনখোলা ডেস্ক

দেশে গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আক্রান্ত হয়ে আরও ৯ জনের মৃত্যু হয়েছে। এর মধ্যে সর্বোচ্চ তিন জন মারা গেছেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশন (ডিএনসিসি) এলাকায়। এ নিয়ে চলতি বছর ডেঙ্গুতে মোট ২৭১ জনের মৃত্যু হলো। আর গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন ১ হাজার ৯০২ জন। সোমবার (৫ অক্টোবর) স্বাস্থ্য অধিদপ্তরের ডেঙ্গুবিষয়ক নিয়মিত বুলেটিনে এ তথ্য জানানো হয়। স্বাস্থ্য অধিদপ্তরের তথ্য অনুযায়ী, ডেঙ্গুতে সবশেষ মারা যাওয়াদের মধ্যে পাঁচ জন পুরুষ, চার জন নারী। মোট মারা যাওয়া ব্যক্তিদের মধ্যে প্রায় ৪৮ শতাংশ পুরুষ, ৫২ শতাংশ নারী। বুলেটিনে জানানো হয়, রোববার সকাল ৮টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় দেশের বিভিন্ন হাসপাতালে ডেঙ্গু আক্রান্ত হয়ে ১ হাজার ৯০২ জন ভর্তি হয়েছেন। এ নিয়ে চলতি বছর হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ৮৮ হাজার ৩৬০ জনে। গত ২৪ ঘণ্টায় হাসপাতাল থেকে সুস্থ হয়ে ছাড় পেয়েছেন ১ হাজার ৯৮৮ জন। এ পর্যন্ত সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন ৮২ হাজার ৩৩৫ জন। গত ২৪ ঘণ্টায় সবচেয়ে বেশি রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন ঢাকা বিভাগে, ৪০১ জন (সিটি কর্পোরেশনের বাইরে)। এছাড়া খুলনা বিভাগে ৩০৬ জন, বরিশালে ২১৬ জন, চট্টগ্রামে ২৭২ জন, ময়মনসিংহে ৯৮ জন, রংপুরে ৬৬ জন এবং রাজশাহীতে ১০৫ জন। এর বাইরে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এলাকার হাসপাতালে ২০৬ জন এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন এলাকার হাসপাতালে ২২৩ জন রোগী ভর্তি হয়েছেন।

এলপিজির দাম বাড়িয়ে সরকার দুর্বৃত্তদের পক্ষ নিয়েছে : ইসলামী আন্দোলন

কীর্তনখোলা ডেস্ক

কৃত্রিম সরবরাহ সংকট তৈরি করে এলপিজির দাম বাড়ানো হয়েছে অভিযোগ করে সরকার বাজার কারসাজিকারীদের পক্ষ নিয়েছে বলে মন্তব্য করেছেন ইসলামী আন্দোলন বাংলাদেশের মহাসচিব মাওলানা গাজী আতাউর রহমান। তিনি বলেন, বাজারে কোনো প্রকৃত সংকট না থাকলেও কারসাজি করে সংকট তৈরি করা হয়েছে। এ পরিস্থিতিতে কারসাজি রোধে ব্যবস্থা না নিয়ে তাদের চাহিদামতো দাম বাড়িয়ে সরকার জনগণের ওপর বাড়তি বোঝা চাপিয়েছে। সোমবার (৫ অক্টোবর) এক বিবৃতিতে এসব কথা বলেন ইসলামী আন্দোলন বাংলাদেশের মহাসচিব। গাজী আতাউর রহমান বলেন, কৃত্রিম সরবরাহ সংকট তৈরি করে ১২ কেজি এলপিজি সিলিন্ডারের দাম ২৫২ টাকা বাড়ানো হয়েছে। এতে নতুন দাম নির্ধারণ করা হয়েছে ১ হাজার ৮৩৭ টাকা। গত মাসে একই পরিমাণ এলপিজি সিলিন্ডারের দাম ছিল ১ হাজার ৫৮৫ টাকা। তিনি বলেন, চলতি বছরের জানুয়ারিতে ১২ কেজি এলপিজি সিলিন্ডারের দাম ছিল ১ হাজার ২৫৩ টাকা। ফেব্রুয়ারিতে দাম ১০৩ টাকা বাড়ানো হয়। যুদ্ধ শুরুর পর এপ্রিলে দুই দফায় ৫৯৯ টাকা দাম বাড়ানো হয়। জুন ও জুলাইয়ে প্রায় ৪০০ টাকা কমানো হলেও আগস্টে আবার ৭০ টাকা বাড়ানো হয়। সেপ্টেম্বরে ১৩ টাকা কমানোর পর এবার এক লাফে ২৫২ টাকা বাড়ানো হয়েছে। ইসলামী আন্দোলনের মহাসচিবের দাবি, এলপিজি সরবরাহের তথ্য বিশ্লেষণ করলে গ্যাসের প্রকৃত কোনো সংকট ছিল না। কারসাজির মাধ্যমে সংকট তৈরি করা হয়েছে। তিনি বলেন, সরকার বাজার কারসাজি রোধে কোনো ব্যবস্থা না নিয়ে কারসাজিকারীদের কথামতো দাম বাড়িয়ে দুর্বৃত্তদের পক্ষ নিয়েছে। দেশের প্রায় এক কোটি মানুষ রান্নার কাজে এলপিজি ব্যবহার করেন। ফলে এ মূল্যবৃদ্ধি কোটি মানুষের জীবনযাত্রায় গুরুতর প্রভাব ফেলবে। গাজী আতাউর রহমান বলেন, সরকারকে বাজার কারসাজিকারীদের প্রতিহত করতে হবে। দুর্বৃত্তদের চাহিদামতো দাম বাড়িয়ে জনগণকে কষ্ট দেওয়া যাবে না। তিনি অবিলম্বে এলপিজির বাড়ানো দাম কমানোর দাবি জানান। একই সঙ্গে বাজার কারসাজির সঙ্গে জড়িতদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়ার আহ্বান জানান ইসলামী আন্দোলন বাংলাদেশের এই নেতা।

সেনা কমান্ডারের চেয়েও ইনুর নির্দেশ ছিল শক্তিশালী : প্রসিকিউটর তামিম

কীর্তনখোলা ডেস্ক

২০২৪ সালের জুলাই-আগস্টের আন্দোলন দমনে জাসদ সভাপতি হাসানুল হক ইনুর নির্দেশনা একজন সেনা কমান্ডারের চেয়েও বেশি শক্তিশালী ছিল বলে মন্তব্য করেছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের প্রসিকিউটর গাজী এমএইচ তামিম। সোমবার (৫ অক্টোবর) দুপুরে ট্রাইব্যুনাল প্রাঙ্গণে প্রেস ব্রিফিংয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি এ মন্তব্য করেন। গত ৩০ জুন ট্রাইব্যুনাল-২ এর দেওয়া ইনুর ১০ বছরের সাজা বাড়িয়ে মৃত্যুদণ্ড চেয়ে আপিল করে প্রসিকিউশন। প্রসিকিউটর তামিম বলেন, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল আইনের অধীনে কোনো আপিল করতে গেলে তা রায় পাওয়ার ৩০ দিনের মধ্যে করতে হয়। নির্ধারিত সময়ের মধ্যেই আমরা আপিলটি করেছি। জাসদ সভাপতি ইনুকে দেওয়া ট্রাইব্যুনালের সাজা আমরা অপর্যাপ্ত মনে করেছি। এ কারণে আমরা ১১টি গ্রাউন্ডের ভিত্তিতে ১০ বছরের সাজা বাড়িয়ে তার সর্বোচ্চ শাস্তির প্রার্থনা করেছি। এছাড়া যেসব অভিযোগে তিনি খালাস পেয়েছেন, সেগুলোতেও যেন একই সাজা দেওয়া হয়। তিনি বলেন, গ্রাউন্ডে আমরা বলেছি যে, একটি আদালতের কোনো মামলায় শাস্তি দেওয়ার ক্ষেত্রে অপরাধের ভয়াবহতা বা গভীরতা দেখতে হয়। অর্থাৎ অপরাধী কী পরিমাণ মানুষের ওপর এই গণহত্যা চালিয়েছে? কী পরিমাণ মানুষ নিহত-আহত হয়েছেন? ট্রাইব্যুনাল তার বিরুদ্ধে যেসব পর্যবেক্ষণ দিয়েছেন সেসবও আমরা দেখিয়েছি। কিন্তু সাজার ক্ষেত্রে তাকে ১০ বছরের কারাদণ্ড দেওয়া ট্রাইব্যুনালের পর্যবেক্ষণ থেকে কন্ট্রাডিক্টরি বা সামঞ্জস্যহীন হয়েছে। এ কারণে আমরা আপিল করেছি। তামিম বলেন, সিভিলিয়ান সুপিরিয়র কমান্ডার তথা ইনুর অর্ডার একজন আর্মি কমান্ডারের অর্ডারের চেয়েও বেশি। ইন্টারন্যাশনাল জুরিসপ্রুডেন্সের এ আইন আমরা দেখিয়েছি। অর্থাৎ একজন আর্মি কমান্ডার যখন অধীনদের অর্ডার করেন, তখন অধীনরা তা মানেন বা না-ও মানতে পারেন। কিন্তু একজন সিভিলিয়ান সুপিরিয়র লিডার যখন অধীনদের অর্ডার করেন, তখন শুধু এটি অর্ডার থাকে না। সেখানে অপরাধ সংগঠনের পরিবেশ তৈরি করা হয়। কারণ আর্মি কমান্ডার শুধু অর্ডারটাই দেন। আর একজন সিভিলিয়ান লিডার অর্ডারের সঙ্গে বক্তৃতা দেন, যা অনুসরণ করেন অধীনরা। এসবের ব্যাখ্যা দিয়ে আপিলটি যেন গ্রহণ করা হয়, সেজন্য আমরা প্রার্থনা করেছি।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ মঙ্গলবার ॥ ০৬ অক্টোবর ২০২৬ ॥ ২১ আশ্বিন ১৪৩৩

রাশিয়ায় ‘রহস্যময়’ ভাইরাসে গবেষকের মৃত্যু, কোয়ারেন্টাইনে ২০০ জন

কীর্তনখোলা ডেস্ক
রাশিয়ার সাইবেরিয়া অঞ্চলে অজ্ঞাত সংক্রমণে এক গবেষকের মৃত্যু হয়েছে। ঘটনাটি ঘটেছে ইরকুতস্ক অঞ্চলের শেলেখভ শহরের অ্যান্টি-প্লেগ রিসার্চ ইনস্টিটিউটে। ল্যাবরেটরিতে দুর্ঘটনার পর এই সংক্রমণ ছড়িয়ে থাকতে ৩ এর পাতায় দেখুন

এশিয়ার জন্য তেলের দামে বিরাট ছাড় সৌদি আরবের

কীর্তনখোলা ডেস্ক
এশিয়ার ক্রেতাদের জন্য নভেম্বরের তেলের দামে বিরাট ছাড় দিয়েছে সৌদি আরব। দেশটির রাষ্ট্রীয় তেল কোম্পানি সৌদি আরামকো এশিয়ার বাজারে প্রধান গ্রেডের অপরিশোধিত তেলের দাম ছয় বছরের মধ্যে সর্বনিম্ন ৩ এর পাতায় দেখুন

শিক্ষক দিবস উপলক্ষ্যে সভায় বক্তব্য রাখেন বরিশাল জেলা প্রশাসক মামুন খন্দকার -কীর্তনখোলা

বরিশালে শেষ মুহূর্তেও দেখা নেই ইলিশের, জেলেরা হতাশ

কীর্তনখোলা রিপোর্ট
আগামী ৮ অক্টোবর থেকে ইলিশ ধরার ওপর ২২ দিনের নিষেধাজ্ঞা শুরু হচ্ছে। তবে শেষ মুহূর্তে এসেও কাঙ্ক্ষিত ইলিশ পাচ্ছেন না জেলেরা। সরবরাহ কমায় বরিশালের পাইকারি বাজারে এক সপ্তাহে কেজিতে দাম বেড়েছে ২৫০ থেকে ৩০০ টাকা। মৎস্য অধিদপ্তরের তথ্যমতে, গত বছরের তুলনায় এবার ইলিশের উৎপাদন কমেছে। ২০২৫ সালের সেপ্টেম্বরে পিরোজপুর বাদে বরিশাল বিভাগের পাঁচ জেলায় উৎপাদন হয়েছিল ৪৯ হাজার ৭৯০ মেট্রিক টন। ২০২৬ সালে তা কমে দাঁড়িয়েছে ৪১ হাজার ১৩৪ মেট্রিক টনে। আগস্টেও গত বছরের তুলনায় প্রায় এক হাজার মেট্রিক টন কম আহরণ হয়েছে। পটুয়াখালীর আলিপুর মৎস্য উন্নয়ন করপোরেশনের (বিএফডিসি) ব্যবস্থাপক ৩ এর পাতায় দেখুন

বাউফলে মন্দিরে দুর্গাপূজার চাল বিতরণ করলেন এমপি মাসুদ

বাউফল প্রতিনিধি
পটুয়াখালীর বাউফলে আসন্ন শারদীয় দুর্গাপূজা-২০২৬ উপলক্ষে ৬৫টি পূজামণ্ডপের জন্য ৬০০ কেজি ত্রাণের চাল বরাদ্দ দেওয়া হয়েছে। সোমবার (৫ অক্টোবর) দুপুরে উপজেলা পরিষদ মিলনায়তনে আয়োজিত এক সভায় পূজা মন্দিরগুলোর প্রতিনিধিদের হাতে বরাদ্দের স্লিপ হস্তান্তর করা হয়। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন পটুয়াখালী-২ (বাউফল) আসনের সংসদ সদস্য ড. শফিকুল ইসলাম মাসুদ। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) সালেহ আহমেদের সভাপতিত্বে সভায় বক্তব্য দেন বাউফল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সিরাজুল ইসলাম সিরাজ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা রফিকুল ইসলাম, উপজেলা পূজা উদযাপন কমিটির সভাপতি অতুল পাল, সাধারণ সম্পাদক জিতেন্দ্র নাথ রায়, পূজা উদযাপন কল্যাণ ফ্রন্টের সভাপতি নিতাই চন্দ্র দেবনাথ এবং পৌর জামায়াতের সাধারণ সম্পাদক মো. নুরুল আলম। সভায় আসন্ন দুর্গাপূজা ৩ এর পাতায় দেখুন

বরিশালে সবজির বাজার চড়া বেড়েছে মাছের দামও

কীর্তনখোলা রিপোর্ট
জ্বালানি তেলের মূল্যবৃদ্ধি, বৃষ্টি ও সরবরাহ সংকটে বরিশালে বেড়েছে সব ধরনের সবজির দাম। কয়েকদিন ধরে চড়া দামে সবজি বিক্রি হওয়ায় বিপাকে পড়েছেন সাধারণ ক্রেতারা। একই সঙ্গে দীর্ঘদিন ধরে চড়া রয়েছে মাছের বাজারও। সপ্তাহ ব্যবধানে আকার ও প্রকারভেদে বিভিন্ন মাছের দাম কেজিতে ৫০ থেকে ৮০ টাকা পর্যন্ত বেড়েছে। সোমবার (৫ অক্টোবর) সকালে বরিশাল নগরীর পোর্ট রোড মাছের বাজার ও বহুমুখী সিটি মার্কেটের পাইকারি সবজির বাজার ঘুরে এমন চিত্র দেখা গেছে। পাইকারি বাজারে কাঁচামরিচ ৮০-৯০, পটল ৫০, ঢেঁড়স ৪০-৫৫, চিচিঙ্গা ৪০-৫০, ধুন্দল ৫০, ঝিঙা ৫৫, করলা ৫০-৬০, বেগুন ৬০-৯০, ফুলকপি ১১০, বাঁধাকপি ৬০, গাজর ১১০, লাউ ৩০-৪০, লেবু হালি ৩০ এবং পেঁপে ৪০-৫০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। এছাড়া পাকা মিষ্টি কুমড়া ৫০-৬০, কাঁকরোল ৬০-৮০ ও কচুর লতি ৫০-৬০ টাকা কেজি দরে বিক্রি ৩ এর পাতায় দেখুন

বিদ্যুৎ সরবরাহ নিয়ে কর্মকর্তা ও গ্রাহকদের মধ্যে তুমুল সংঘর্ষ

মনপুরা প্রতিনিধি

ভোলার মনপুরায় বিদ্যুৎ সরবরাহ নিয়ে বিদ্যুৎ কর্মকর্তা ও গ্রাহকদের মধ্যে হামলা ও মারধরের ঘটনা ঘটেছে। এতে বিদ্যুতের উপ-সহকারী প্রকৌশলী ও চার বিদ্যুৎ গ্রাহক আহত হন। এ ঘটনায় এলাকায় চরম উত্তেজনা বিরাজ করছে। সোমবার (৫ অক্টোবর) বেলা সাড়ে ১১টায় উপজেলার সদর ডাকবাংলো মোড় ওজোপাডিকো বিদ্যুৎ অফিসে এই হামলা ও মারধরের ঘটনা ঘটে। আহতরা হলেন, উপ-সহকারী প্রকৌশলী মো. মনিরুজ্জামান মনির এবং বিদ্যুৎ গ্রাহক মো. শরিফ, মো. আক্তার, সোহাগ ও নিরব। এরা হাজিরহাট বাজারের ব্যবসায়ী ও বিদ্যুৎ গ্রাহক। খবর পেয়ে পুলিশ বিদ্যুৎ অফিসে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে ৩ এর পাতায় দেখুন

আগৈলঝাড়ায় ইয়াবাসহ গ্রেফতারকৃতরা কারাগারে

আগৈলঝাড়া প্রতিনিধি
বরিশালের আগৈলঝাড়ায় ১০০ পিস ইয়াবাসহ তিনজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। সোমবার (৫ অক্টোবর) দুপুরে তাদের আদালতের মাধ্যমে বরিশাল কারাগারে পাঠানো হয়েছে। পুলিশ জানায়, রবিবার গভীর রাতে গোপন সংবাদের ভিত্তিতে উপজেলার রাজিহার এলাকার বেল্লাল খানের বাড়ির সামনের সড়কে অভিযান চালানো হয়। এ সময় সন্দেহভাজন তিনজনকে আটক করে তল্লাশি চালিয়ে তাদের কাছ থেকে ১০০ পিস ইয়াবা উদ্ধার করা হয়। ৩ এর পাতায় দেখুন

আড়াই মাসের ব্যবধানে ইউপি সদস্যের বাড়িতে ফের চুরি

গৌরনদী প্রতিনিধি
আড়াই মাসের ব্যবধানে বরিশালের গৌরনদীতে সংরক্ষিত এক ইউপি সদস্যের বসতঘরে ফের চুরির ঘটনা ঘটেছে। রোববার (০৪ অক্টোবর) রাতে উপজেলার খাঞ্জাপুর ইউনিয়নের ৭, ৮ ও ৯ নম্বর ওয়ার্ডের সংরক্ষিত ইউপি সদস্য হেলেনা আক্তারের খাঞ্জাপুর গ্রামের বাড়িতে এ ঘটনা ঘটে। সোমবার (০৫ অক্টোবর) এ তথ্য নিশ্চিত করেছেন গৌরনদী মডেল থানার এসআই সাইফুল ইসলাম। ইউপি সদস্য হেলেনা আক্তার জানান, তিনি ও পরিবারের ৩ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়ায় বিশ্ব শিক্ষক দিবস-২০২৬ উদ্‌যাপন

ভাণ্ডারিয়া প্রতিনিধি
পিরোজপুরের ভাণ্ডারিয়ায় গতকাল সোমবার উপজেলা প্রশাসনের উদ্যোগে বিশ্ব শিক্ষক দিবস -২০২৬ উদ্‌যাপন উপলক্ষে এক বর্ণাঢ্য র‍্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এ উপলক্ষে আলোচনা সভায় ‘শিক্ষা ব্যবস্থার সার্বিক মানোন্নয়ন এবং শিক্ষকদের জীবনযাত্রার মান নিশ্চিতকরণে বিভিন্ন যৌক্তিক দাবি তুলে ধরে মাধ্যমিক ও সমমান পর্যায়ের জেষ্ঠ্য শিক্ষকগণ বলেন, সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকদের মধ্যে বিদ্যমান বেতন-ভাতা ও সুযোগ-সুবিধার চরম বৈষম্য শিক্ষক সমাজকে নিরুৎসাহিত করছে। একই যোগ্যতা ও সমান পরিশ্রম করা সত্ত্বেও বেসরকারি শিক্ষকরা ন্যায্য অধিকার থেকে বঞ্চিত হচ্ছেন। অনতিবিলম্বে এই বৈষম্য দূরীকরণের জন্য স্থানীয় সরকারের মাধ্যমে কেন্দ্রীয় সরকারের প্রতি জোর দাবি জানানো এবং শিক্ষা ব্যবস্থার আমূল পরিবর্তন ও মানসম্মত শিক্ষা নিশ্চিত করতে সমগ্র বেসরকারি শিক্ষা ব্যবস্থা দ্রুত জাতীয়করণের আহ্বান জানানো হয়’। উপজেলা অডিটরিয়ামে আলোচনা সভায় উপজেলা ও পৌর প্রশাসক ইউএনও মো. হাসিবুল ৩ এর পাতায় দেখুন

সেতু রক্ষার পাইপ চুরি, ইউনিয়ন বিএনপির সভাপতিসহ আটক ৯

পিরোজপুর প্রতিনিধি
পিরোজপুর সদর উপজেলার কঁচা নদীতে অষ্টম বাংলাদেশ-চীন মৈত্রী সেতুর (বেকুটিয়া সেতু) নিচ থেকে সরকারি লোহার পাইপ চুরির সময় শারিকতলা-ডুমরিতলা ইউনিয়ন বিএনপির সভাপতি মো. হেমায়েত বেপারিসহ নয়জনকে আটক করেছে পুলিশ। রোববার (৫ অক্টোবর) দিবাগত রাত ১২টার দিকে তাদের আটক করা হয়। পুলিশ সূত্রে জানা গেছে, রাতের আঁধারে একটি চক্র সেতুর নিচে নিরাপত্তাবেষ্টনী পেরিয়ে সরকারি লোহার পাইপ কেটে চুরির উদ্দেশ্যে জড়ো করছিল। খবর পেয়ে পিরোজপুর সদর থানা-পুলিশ দ্রুত ঘটনাস্থলে অভিযান চালিয়ে তাদের হাতেনাতে আটক করে। এ সময় ৩ এর পাতায় দেখুন

রাজাপুরে দুর্গোৎসব উপলক্ষ্যে আইনশৃঙ্খলা সভা

রাজাপুর প্রতিনিধি
ঝালকাঠি রাজাপুরে শারদীয় দুর্গোৎসব সুষ্ঠু ভাবে উদযাপনের জন্য আইন শৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজাপুর থানার অফিসার ইনচার্জ সুজন বিশ্বাস। এছাড়াও উপস্থিত ছিলেন রাজাপুর থানার ওসি তদন্ত ফিরোজ আলম, সেকেন্ড অফিসার মোঃ শহিদুল ইসলাম, রাজাপুর উপজেলা পূজা উদযাপন পরিষদের সভাপতি রতন দেবনাথ সাধারণ সম্পাদক গোপাল কর্মকার, সাংবাদিক আবু সায়েম আকন, হিন্দু-বৌদ্ধ কল্যাণ ফ্রন্টের সদস্য সচিব স্বপন কুমার দাসসহ ৩ এর পাতায় দেখুন

ঝালকাঠিতে চলতি বছরে ডেঙ্গু আক্রান্ত ২৩৪০ জন

কীর্তনখোলা রিপোর্ট
ঝালকাঠিতে চলতি বছরে ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন দুই হাজার ৩৪০ জন। এরমধ্যে চিকিৎসা নিয়ে সুস্থ হয়ে বাড়ি ফিরেছেন দুই হাজার ২৯৮ জন। ডেঙ্গুতে আক্রান্ত হয়ে একজনের মৃত্যু হয়েছে। বর্তমানে জেলার ৪টি সরকারি হাসপাতালে ৪২ জন রোগী চিকিৎসাধীন। সোমবার (৫ অক্টোবর) ঝালকাঠি সিভিল সার্জন কার্যালয়ের প্রকাশিত নিয়মিত ডেঙ্গু প্রতিবেদনে এসব তথ্য জানানো হয়েছে। প্রতিবেদনে বলা হয়, চলতি বছরের ১ জানুয়ারি থেকে ৫ অক্টোবর পর্যন্ত জেলার ৪টি সরকারি হাসপাতালে মোট ২ হাজার ৩৪০ জন ডেঙ্গু রোগী ভর্তি হয়েছেন। জেলার হাসপাতালগুলোর মধ্যে সবচেয়ে বেশি রোগী ভর্তি হয়েছেন ঝালকাঠি সদর হাসপাতালে। সেখানে এখন পর্যন্ত ১ হাজার ৬২৮ জন ডেঙ্গু রোগী ভর্তি হয়েছেন। তাদের মধ্যে ১ হাজার ৬১৫ জন চিকিৎসা নিয়ে ছাড়পত্র পেয়েছেন এবং একজনের মৃত্যু হয়েছে। বর্তমানে সেখানে ১৩ জন ৩ এর পাতায় দেখুন

সারাদেশে বিক্ষিপ্তভাবে বৃষ্টি হতে পারে, কমবে তাপমাত্রা

কীর্তনখোলা ডেস্ক
দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু আগামী ৭২ ঘণ্টার মধ্যে বাংলাদেশ থেকে বিদায় নিতে পারে বলে জানিয়েছে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর। একই সময়ে দেশের বিভিন্ন বিভাগে বিচ্ছিন্নভাবে হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি ও বজ্রসহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে। সোমবার (৫ অক্টোবর) সন্ধ্যা ৬টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টার পূর্বাভাসে এসব তথ্য জানিয়েছেন আবহাওয়া অধিদপ্তরের আবহাওয়াবিদ এ কে এম নাজমুল হক। আবহাওয়া অধিদপ্তর জানায়, মৌসুমি বায়ুর অক্ষের বর্ধিতাংশ বিহার, পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের দক্ষিণাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমি বায়ু বাংলাদেশের ওপর কম সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে দুর্বল অবস্থায় রয়েছে। পূর্বাভাস বলা হয়েছে, সোমবার সন্ধ্যা ৬টা থেকে পরবর্তী ২৪ ঘণ্টায় রাজশাহী, রংপুর, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু-এক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। এ সময়ে সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য কমতে পারে। তবে রাতের তাপমাত্রা প্রায় ৩ এর পাতায় দেখুন

তরুণীকে ধর্ষণের অভিযোগে পালিত বাবাসহ গ্রেফতার দুই

ঝালকাঠি প্রতিনিধি
ঝালকাঠিতে এক তরুণীকে দীর্ঘদিন ধরে ধর্ষণের অভিযোগ উঠেছে তার পালিত বাবার বিরুদ্ধে। ওই তরুণীর ভিডিও ধারণ করে ছড়িয়ে দেওয়ার ভয় দেখিয়ে ধর্ষণের অভিযোগ উঠেছে আরেক ব্যক্তির বিরুদ্ধেও। এ ঘটনায় ভুক্তভোগী তরুণী বাদী হয়ে ঝালকাঠি সদর থানায় মামলা করেছেন। এর পর দুই অভিযুক্তকে গ্রেপ্তার করেছে পুলিশ।গত ৪ অক্টোবর সদর থানায় মামলাটি করা হয়। গ্রেপ্তারকৃতরা হলেন- শহরের কৃষ্ণকাঠি এলাকার কামাল খলিফা ওরফে লাল মিয়া (৬০) ও একই এলাকার বেল্লাল হোসেন হাওলাদার (৫৫)। এজাহার সূত্রে জানা যায়, ভুক্তভোগী তরুণীর ৩ এর পাতায় দেখুন

কলেজছাত্রকে তুলে নিয়ে রাতভর নির্যাতনের অভিযোগ

পটুয়াখালী প্রতিনিধি
পটুয়াখালী সদর উপজেলার বসাক বাজার এলাকা থেকে মনির নামের পটুয়াখালী সরকারি কলেজের এক শিক্ষার্থীকে তুলে নিয়ে রাতভর নির্যাতনের অভিযোগ উঠেছে। নির্যাতনের পাশাপাশি এক লাখ টাকাও আদায় করা হয়। সরকারি কলেজ ছাত্রদলের দপ্তর সম্পাদক সাকিব ও কর্মী সিয়ামের বিরুদ্ধে এ অভিযোগ উঠেছে। সোমবার (৫ অক্টোবর) দুপুর ১২টার দিকে ভুক্তভোগীকে পটুয়াখালী সদর হাসপাতালে ভর্তি করা হয়। ভুক্তভোগী মনির পটুয়াখালী সরকারি কলেজের ম্যানেজমেন্ট বিভাগের শিক্ষার্থী। তার অভিযোগ ৩ এর পাতায় দেখুন



প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com